# মন্ত্রণালয়/বিভাগসমূহের বার্ষিক প্রতিবেদন ছক

মন্ত্রণালয়/বিভাগের নামঃ তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
আওতাধীন অধিদপ্তর/সংস্থার সংখ্যা: ১৫ (পনেরো)টি
প্রতিবেদনাধীন বছর: ২০২২-২০২৩
প্রতিবেদন প্রস্তুতির তারিখ: ১৭ জুলাই ২০২৩

(১) প্রশাসনিক

১. ১ কর্মকর্তা/কর্মচারীদের সংখ্যা (রাজস্ব বাজেটে):

| সংস্থার স্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ | বছরভিত্তিক সংরক্ষিত (রিটেনশনকৃত) অস্থায়ী পদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| মন্ত্রণালয় | ১৯৫ | ১৪৯ | ৪৬ | ১৪ | |
| অধিদপ্তর/সংস্থাসমূহ/সংযুক্ত অফিস (মোট পদ সংখ্যা) | ৭৭৭৮ | ৪৯৩৩ | ২৮৪৫ | ৩১৬ | |
| মোট = | ৭৯৭৩ | ৫০৮২ | ২৮৯১ | ৩৩০ | |

১. ২ শূন্য পদের বিন্যাস:

| যুগ্মসচিব/তদুর্ধ্ব পদ | জেলা কর্মকর্তার পদ | অন্যান্য ১ম শ্রেণির পদ | ২য় শ্রেণির পদ | ৩য় শ্রেণির পদ | ৪র্থ শ্রেণির পদ | মোট |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| | | ৭৭৩ | ২৬৮ | ১৪৪৬ | ৫৫৩ | ৩০৪০ |

১.৩ অতীব গুরুত্বপূর্ণ (Strategic) পদ শূন্য থাকলে তার তালিকা: নেই।

১.৪ শূন্য পদ পূরণে বড় রকমের কোনো সমস্যা থাকলে তার বর্ণনা: নেই।

১.৫ অন্যান্য পদের তথ্য:

| প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরিত পদের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে উন্নয়ন বাজেট থেকে রাজস্ব বাজেটে স্থানান্তরের জন্য প্রক্রিয়াধীন পদের সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| শূন্য | শূন্য |

* কোন সংলগ্নী ব্যবহার করার প্রয়োজন নেই।

১.৬ নিয়োগ/পদোন্নতি প্রদান:

| প্রতিবেদনাধীন বছরে পদোন্নতি | | | নতুন নিয়োগ প্রদান | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| কর্মকর্তা | কর্মচারী | মোট | কর্মকর্তা | কর্মচারী | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১০৮ | ১২৩ | ২৩১ | ১৮ | ১৮৬ | ২০৪ | |

১.৭ ভ্রমণ/পরিদর্শন (দেশে):

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিসট্যান্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| উন্নয়ন প্রকল্প পরিদর্শন | ৯০ দিন | | ১০ দিন | |
| পার্বত্য চট্টগ্রামে ভ্রমণ | | | | |
| | | | | |



৪৮

১.৮ ভ্রমণ/পরিদর্শন (বিদেশে):

| ভ্রমণ/পরিদর্শন (মোট দিনের সংখ্যা) | মন্ত্রী/উপদেষ্টা | প্রতিমন্ত্রী/উপমন্ত্রী/ স্পেশাল এ্যাসিসট্যান্ট | সচিব | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০ | ৫৯ দিন | ০ | ১৮ দিন | |

১.৯ উপর্যুক্ত ভ্রমণের পর ভ্রমণ বৃত্তান্ত/পরিদর্শন প্রতিবেদন দাখিলের সংখ্যা: ০২টি।

(২) অডিট আপত্তি

২.১ অডিট আপত্তি সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

(টাকার অংক কোটি টাকায়)

| ক্রঃ | মন্ত্রণালয়/বিভাগসমূহের নাম | অডিট আপত্তি (বৃদ্ধিসহ) | | ব্রডশীট জবাবের সংখ্যা | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | | অনিষ্পন্ন অডিট আপত্তি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) | সংখ্যা | টাকার পরিমাণ (কোটি টাকায়) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ |
| ১. | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | ১৬ | ৬০.৯৪৫৮ | ২১ | ০ | ০ | ২৩ | ৭১.০৫২৩ |
| ২ | তথ্য কমিশন | ২০ | ০.৯৫৯৫ | ০ | ৮ | ০.০২৪২ | ১২ | .৯৩৫৩ |
| ৩. | তথ্য অধিদপ্তর | ১৯ | ০.৭০৩৬ | ৩২ | ৫ | ০.২৯৩৫ | ১৪ | .৪১০১ |
| ৪. | বাংলাদেশ টেলিভিশন | ১০৪ | ১০০.৫০৫২ | ৯৮ | ৮৬ | ৩৬.৮২৫২ | ৬৬ | ৭৮.৯২৯৮ |
| ৫. | বাংলাদেশ বেতার | ১০৫ | ১৪৬.২৫১৭ | ৯২ | ১৭ | ৮.৩৭৬২ | ১৪০ | ১৪৮.৯৫৫১ |
| ৬. | গণযোগাযোগ অধিদপ্তর | ৩৫ | ৬০.৯৬০৯ | ৪ | ২৪ | ১৩.৪০৫১ | ২৫ | ৫৬.২৪৮৬ |
| ৭. | চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর | ৬০ | ১০.৬২৬৭ | ২৪ | ২৫ | ২.৬৫৪৮ | ৪৫ | ১০.৭৯২৮ |
| ৮. | বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন | ৭৩ | ১৭৪.৫৬৪০ | ২৬ | ১৪ | ৪৯.৭০৯৮ | ৭২ | ২৭০.৬৩১০ |
| ৯. | বাংলাদেশ সংবাদ সংস্থা | ৪৩ | ১০.০১৮০ | ৮ | ৫ | .৮০৮৫ | ৪৮ | ১৯.৬১৮৯ |
| ১০. | প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ | ১২ | ০.৪৫৩০ | ২ | ৬ | .১৪৩৭ | ৬ | .৩০৯৩ |
| ১১. | বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড | - | ০ | - | ১ | .০০২৯ | ৭ | ১০.০৬৪৯ |
| ১২. | জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট | ১৩ | ০.৮৩২৪ | ৩ | ১০ | .৭৯৩৭ | ৩ | .০৩৮৭ |
| ১৩. | বাংলাদেশ ফিল্ম আর্কাইভ | ২ | ০.২০১৭ | ১ | ২ | .২০১৭ | ০ | ০ |
| ১৪. | বাংলাদেশ প্রেস কাউন্সিল | ০ | ০ | ০ | ৩ | .০৪৩১ | ০ | ০ |
| ১৫. | বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটউট | ১৫ | ২.৩২১৮ | ৩ | ১৩ | ২.২৪৭১ | ১ | .০৭৪৭ |
| ১৬. | বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট | ১ | .০০৪৯ | ৪ | ১ | .০০৪৯ | ৫ | ২.৯২০২ |
| | সর্বমোট = | ৫৩৮ | ৫৬৯.৩৪৯২ | ৩১৮ | ২২০ আংশিক ৩টি | ১১৫.৫৩৪৪ | ৪৬৭ | ৬৭০.৯৮১৭ |

২.২ অডিট রিপোর্টে গুরুতর/বড় রকমের কোনো জালিয়াতি/অর্থ আত্মসাৎ, অনিয়ম ধরা পড়ে থাকলে সে সব কেসসমূহের তালিকা: প্রযোজ্য নয়

(৩) শৃঙ্খলা/বিভাগীয় মামলা (মন্ত্রণালয়/বিভাগ ও অধিদপ্তর/সংস্থার সম্মিলিত সংখ্যা):

| প্রতিবেদনাধীন অর্থ বছরে (২০২২-২৩) মন্ত্রণালয়/অধিদপ্তর/ সংস্থাসমূহে পুঞ্জীভূত মোট বিভাগীয় মামলার সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | | | অনিষ্পন্ন বিভাগীয় মামলার সংখ্যা |
|---|---|---|---|---|---|
| | চাকুরিচ্যুতি/ বরখাস্ত | অব্যাহতি | অন্যান্য দণ্ড | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ৩০ | - | ৪ | ৫ | ৯ | ২১ |

(৪) সরকার কর্তৃক/সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলা (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত) :

| সরকারি সম্পত্তি/স্বার্থ রক্ষার্থে মন্ত্রণালয়/বিভাগ/আওতাধীন সংস্থাসমূহ কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ-এর বিরুদ্ধে দায়েরকৃত রীট মামলার সংখ্যা | উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সরকারের বিরুদ্ধে দায়েরকৃত মামলার সংখ্যা | দায়েরকৃত মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট মামলার সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৫ | ২৮ | --- | ১৮৯ | ৯ |

(৫) মানবসম্পদ উন্নয়ন

দেশের অভ্যন্তরে প্রশিক্ষণ (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত):

| প্রশিক্ষণ কর্মসূচির মোট সংখ্যা | মন্ত্রণালয় এবং আওতাধীন সংস্থাসমূহ থেকে অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|
| ১ | ২ |
| ১৬৭ | ৪৯২০ |

৫.২ মন্ত্রণালয়/অধিদপ্তর কর্তৃক পূর্ববর্তী বছরে কোনো ইন-হাউজ প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকলে তার বর্ণনা: তথ্য মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থায় সর্বমোট ৪৯২০ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়।

৫.৩ প্রশিক্ষণ কর্মসূচিতে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহন বা মনোনয়নের ক্ষেত্রে বড় রকমের কোনো সমস্যা থাকলে তার বর্ণনা: প্রযোজ্য নয়।

৫.৪ মন্ত্রণালয়ে অন্ দা জব ট্রেনিং (OJT) এর ব্যবস্থা আছে কি না; না থাকলে অন্ দা জব ট্রেনিং আয়োজন করতে বড় রকমের কোনো অসুবিধা আছে কি না: ট্রেনিং আয়োজন করতে কোনো অসুবিধা নেই।

৫.৫ প্রতিবেদনাধীন বছরে প্রশিক্ষনের জন্য বিদেশ গমনকারী কর্মকর্তার সংখ্যা: ০১ জন।

(৬) সেমিনার/ওয়ার্কশপ সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত):

| **দেশের অভ্যন্তরে সেমিনার/ওয়ার্কশপের সংখ্যা** | **সেমিনার/ওয়ার্কশপে অংশগ্রহণকারীদের সংখ্যা** |
|---|---|
| ১ | ২ |
| ১৯৬ | ৫২০১ |

(৭) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার স্থাপন (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত) :

| মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে কম্পিউটারের মোট সংখ্যা | মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহে ইন্টারনেট সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ল্যান (LAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয় /বিভাগ/ সংস্থাসমূহে ওয়ান (WAN) সুবিধা আছে কি না | মন্ত্রণালয়/বিভাগ/সংস্থাসমূহে কম্পিউটার প্রশিক্ষিত জনবলের সংখ্যা | |
|---|---|---|---|---|---|
| | | | | কর্মকর্তা | কর্মচারী |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১২৮৩টি | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং ১৫টি দপ্তর/অধিদপ্তর/ সংস্থার কম্পিউটারে ইন্টারনেট সুবিধা আছে | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং ১৫টি দপ্তর সংস্থায় কম্পিউটারে LAN নাই। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং ১৫টি দপ্তর/অধিদপ্তর/ সংস্থায় কম্পিউটারে WAN সুবিধা নাই। | ৭৫১ | ৭৯৭ |

(৮) সরকারি প্রতিষ্ঠানসমূহের আয়ের লভ্যাংশ/মুনাফা/আদায়কৃত রাজস্ব থেকে সরকারি কোষাগারে জমার পরিমাণ (অর্থ বিভাগের জন্য) : প্রযোজ্য নয় ।

(৯) প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলি/আইন, বিধি ও নীতি প্রণয়ন/সমস্যা-সঙ্কট :



৯৪

৯.১ প্রতিবেদনাধীন অর্থ বছরে নতুন আইন, বিধি ও নীতি প্রণয়ন হয়ে থাকলে তার তালিকা:
প্রণীত আইন, বিধি ও নীতিমালা:

৯.২ প্রতিবেদনাধীন অর্থ বছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ/উল্লেখযোগ্য কর্মকাণ্ড:

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য কার্যাবলি:**

**(ক) চলচ্চিত্র সংক্রান্ত তথ্য:**

- শিক্ষা, বিনোদন এবং নান্দনিক উৎকর্ষে সমৃদ্ধ চলচ্চিত্র মাধ্যমের সাথে সম্পৃক্ত অভিনেতা, অভিনেত্রী, শিল্পী ও কলাকুশলীদের সৃজনশীলতা ও অভিনয়শৈলীকে স্বীকৃতি প্রদান ও উৎসাহিত করার জন্য প্রতি বছর জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রদান করা হয়।
- ২০২১ সালের জাতীয় চলচ্চিত্র পুরস্কারের জন্য ২৭ ক্যাটাগরিতে মোট ৩১ জনকে সম্মাননাপত্র, স্বর্ণপদক ও চেক প্রদান করা হয়েছে। পুরস্কারপ্রাপ্ত শিল্পী ও কলাকুশলীর মাঝে মোট ৪০ লক্ষ টাকার চেক প্রদান করা হয়েছে। এছাড়া মুজিববর্ষ উপলক্ষ্যে নির্মিত টুঙ্গি পাড়ার মিয়া ভাই চলচ্চিত্রের প্রযোজককে স্বর্ণপকদ ও ২ লক্ষ টাকার চেক প্রদান করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী ০৯-০৩-২০২৩ তারিখে উপস্থিত থেকে জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০২১ প্রদান করেন।
- জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০২২ প্রদানের লক্ষ্যে গঠিত জুরি বোর্ডের কার্যক্রম চলমান রয়েছে। জুরি বোর্ড থেকে সুপারিশ প্রাপ্তির পর তা 'পুরস্কার সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'তে উপস্থাপনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। মন্ত্রিসভা কমিটির অনুমোদনের পর নির্বাচিত শিল্পী ও কলাকুশলীদের নাম ঘোষণা করা হবে এবং বিগত বছরের ন্যায় মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ উপস্থিতিতে পুরস্কার প্রদান করা হবে মর্মে আশা করা যাচ্ছে।
- চলচ্চিত্র মেধা ও সৃজনশীলতাকে উৎসাহিত করা এবং বাংলাদেশের আবহমান সংস্কৃতি সমুন্নত রাখার লক্ষ্যে স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা, মানবীয় মূল্যবোধসম্পন্ন জীবনমুখী,রুচিশীল ও শিল্পমানসমৃদ্ধ পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণে সরকার ২০২২-২৩ অর্থবছরে ২৩টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র এবং ০৬টি স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র নির্মাণের লক্ষ্যে বিভিন্ন ক্যাটাগরিতে আর্থিক অনুদান প্রদান করেছে।
- তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের উদ্যোগে বাংলাদেশ উপ-হাইকমিশন,কলকাতার সহযোগিতায় ২০২২-২৩ অর্থবছরে ২৮ অক্টোবর হতে ০২ নভেম্বর ২০২২ মেয়াদে ৪র্থ বাংলাদেশ চলচ্চিত্র উৎসব ও সাংস্কৃতিক অনুষ্ঠান/২০২২ ভারতের কলকাতায় আয়োজন করা হয়। বর্ণিত অনুষ্ঠানটিতে ৩৭টি বাংলাদেশী চলচ্চিত্র প্রদর্শিত হয়। এ অনুষ্ঠানটি আয়োজনের নিমিত্ত তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় হতে ৬৩,০০,০০০(তেষট্টি লক্ষ) টাকা বাংলাদেশ উপ-হাইকমিশন,কলকাতার অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়।

(খ) অন্যান্য:

- তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের বেতার-২ অধিশাখার ই-গভর্ণ্যান্স ও উদ্ভাবন পরিকল্পনা ২০২২-২০২৩ এর কর্মসম্পাদনসূচক [১.১.১] সেবা সহজীকরণ/ডিজিটাইজেশনের আওতায় 'বেসরকারি মালিকনাধীন এফ.এম বেতার কেন্দ্রের নবায়ন ৩০.০৪.২০২৩ তারিখ হতে উক্ত সেবাটি সহজীকরণ/ডিজিটাইজেশন করা হয়েছে।
- ২০২২-২৩ অর্থবছরে বিদেশস্থ বাংলাদেশ মিশনে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ হাইকমিশন, ইসলামাবাদ, পাকিস্তান প্রেস উইংয়ে কাউন্সেলর (প্রেস) পদে ০১ (এক) জন, বাংলদেশ দূতাবাস, টোকিও জাপান প্রেস উইংয়ে দ্বিতীয় সচিব (প্রেস) পদে ০১ (এক) জন, বাংলাদেশ হাইকমিশন, কুয়ালালামপুর, মালেয়েশিয়া প্রেস উইংয়ে প্রথম সচিব (প্রেস) পদে ০১ (এক) জন,

জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশন,নিইউয়র্ক, যুক্তরাষ্ট্র প্রেস উইংয়ে প্রথম সচিব (প্রেস) পদে ০১ (এক) জন এবং কন্সুলেট জেনারেল অফিস অব বাংলাদেশ, দুবাই, সংযুক্ত আরব আমিরাত মিশনের প্রেস উইংয়ে প্রথম সচিব (প্রেস) পদে ০১(এক) জন কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে।

- বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব প্রেস উইংয়ে দ্বিতীয় সচিব (প্রেস) পদে ০১ (এক) জন কর্মকর্তা নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে।
- বাংলাদেশ হাইকমিশন, লন্ডন, যুক্তরাজ্য মিশনের প্রেস উইংয়ে মিনিস্টার (প্রেস) পদে চুক্তিভিত্তিক কর্মকর্তার চুক্তির মেয়াদ ১ বছর ৪ মাস ১০ দিন বৃদ্ধি করা হয়েছে।
- বাংলাদেশ হাইকমিশন, লন্ডন, যুক্তরাজ্য মিশনের প্রেস উইংযে মিনিস্টার (প্রেস) পদে চুক্তিভিত্তিক কর্মকর্তার চুক্তির মেয়াদ ২ বছর বৃদ্ধি করা হয়েছে।
- বাংলাদেশ উপ-হাইকমিশন, কলকাতা, ভারত মিশনের প্রেস উইংয়ে প্রথম সচিব (প্রেস) পদে চুক্তিভিত্তিক কর্মকর্তার চুক্তির মেয়াদ ০১ বছর বৃদ্ধি করা হয়েছে।
- বাংলাদেশ হাইকমিশন ইসলামাবাদ, পাকিস্তান প্রেস উইংয়ে ব্যক্তিগত কর্মকর্তা পদে ০১ জন কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়েছে।

**(গ) সম্প্রচার সংক্রান্ত তথ্য:**

- মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর বিভিন্ন অনুষ্ঠান সকল সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলসমূহে সম্প্রচার করা হচ্ছে।
- মাননীয় প্রধানমন্ত্রীর '১০টি বিশেষ উদ্যোগ' ব্র্যান্ডিং করার উদ্দেশ্যে বিটিভিতে এবং বেসরকারি টিভি চ্যানেল গুলতেও ব্যাপক প্রচারণার উদ্যোগ নেয়া হয়েছে;
- বিভিন্ন জাতীয় দিবসসহ জনস্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন অনুষ্ঠান সরকারি ও বেসরকারি টিভি চ্যানেলে সম্প্রচারের ব্যবস্থা নেয়া হয়েছে; এবং
- বিটিভিও বেসরকারি টিভি চ্যানেলে জঙ্গিবাদ, মানব পাচার,ভেজাল বিরোধী, মাদক পাচার, ধুমপান নিরোধ/সতর্কীকরণ, ডেঙ্গু প্রতিরোধও অন্যান্য স্বাস্থ্য সুরক্ষার নানা দিক সংক্রান্ত ব্যাপক প্রচারণার ব্যবস্থা নেয়া হয়েছে।
- মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি উদ্যোগ যেমনঃ বিনিয়োগ বিকাশ, সামাজিক নিরাপত্তা, একটি বাড়ি একটি খামার, আশ্রায়ন প্রকল্প, ইউনিয়ন ডিজিটাল সেন্টার, কমিউনিটি ক্লিনিক ও শিশু বিকাশ, নারীর ক্ষমতায়ন, শিক্ষা সহায়তা কার্যক্রম, সবার জন্য বিদ্যুৎ এবং ডিজিটাল বাংলাদেশ বিষয়ক অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি Annual Performance Agreement (APA) অনুযায়ী অনুষ্ঠান প্রচার ও কার্যাবলী সম্পাদন করা হচ্ছে;
- দেশের ইতিহাস ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতির উপর ভিত্তি করে জনকল্যাণকর এবং তথ্যমূলক অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা হচ্ছে;
- তথ্য অধিকার ও শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান, স্পট/ফিলার নিয়মিত প্রচার করা হচ্ছে;
- সৎ উপার্জন ও ছেলে মেয়েদের নৈতিকতা শিক্ষা বিষয়ে বিভিন্ন টিভিসি/ফিলার প্রচার করা হচ্ছে;

- বৃহত্তর চট্টগ্রামের ৩ পার্বত্য জেলাসহ অন্যান্য জেলার সাংস্কৃতিক অনুষ্ঠান ধারণ ও প্রচার করা হচ্ছে এবং চট্টগ্রামের শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়ন বিষয়ক অনুষ্ঠান প্রচার করা হচ্ছে;
- SDG এর ১৭টি লক্ষ্যমাত্রার বিষয়ে জনগণকে উদ্বুদ্ধকরণের নিমিত্ত জনসচেতনতামূলক অনুষ্ঠান ও স্পট/ফিলার প্রচার করা হচ্ছে;
- শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, নারী ও শিশু অধিকার, মানব পাচার রোধ, জনসচেতনতা, অটিজম, জলবায়ু পরিবর্তন, মাদক নিয়ন্ত্রণ, নারী ও শিশু নির্যাতন রোধ, দারিদ্র বিমোচন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবেশ উন্নয়ন, কৃষি ও অর্থনীতি বিষয়ে বিভিন্ন অনুষ্ঠান/ প্রামাণ্যচিত্র/সংবাদ নির্মাণ ও প্রচার করা হচ্ছে;
- যুব উন্নয়নে সচেতনতা সৃষ্টির পাশাপাশি খেলাধুলা ও ব্যবসা বাণিজ্যের উপর ভিত্তি করে অনুষ্ঠান প্রচার করা হচ্ছে;
- খাদ্যে ভেজাল প্রতিরোধ, আত্মহত্যা মহাপাপ এবং জঙ্গীবাদ বিরোধী প্রচারণা স্পট/ফিলার ও অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- মুক্তিযুদ্ধ ভিত্তিক বিভিন্ন অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- সরকারের বিভিন্ন উন্নয়মূলক অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- ধর্মীয় অনুষ্ঠান-ইসলাম ও জীবন, খুৎবা অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- বিনোদনমূলক বিভিন্ন সঙ্গীতানুষ্ঠান, নৃত্যানুষ্ঠান, যন্ত্র সঙ্গীত, সিনেমার গান, ম্যাগাজিন অনুষ্ঠান, মাইজ ভান্ডারী গানের অনুষ্ঠান, লালন, কাওয়ালী ও সিনেমার গান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- সঙ্গীতানুষ্ঠান-মিউজিক স্টেশন, ফোক টিউন, গ্র্যান্ড স্টুডিও, সোনার তরী, বাঙালির গান, মেঠো সুর অনুষ্ঠান ধারণ ও প্রচার করা হচ্ছে।
- শিক্ষামূলক বিভিন্ন অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- রোহিঙ্গা শরনার্থীদের ঈদ পালন নিয়ে অনুষ্ঠান ধারণ ও প্রচার করা হচ্ছে;
- পিছিয়ে থাকা জনগোষ্ঠী এবং ৩য় লিঙ্গদের নিয়ে অনুষ্ঠান প্রচার করা হচ্ছে;
- শিশু কিশোরদের বিভিন্ন অনুষ্ঠান-মনের কথা, ম্যাগাজিন অনুষ্ঠান-ছোটদের আনন্দ, শিশুতোষ নৃত্যানুষ্ঠান, শিশুতোষ নাটক-শিশু কানন নিয়মিত প্রচার করা হচ্ছে;
- মহিলা বিষয়ক রান্না, মহিলাদের নিয়ে বিশেষ অনুষ্ঠান-পারাবাত পাখনায়, রূপচর্চা ও রান্না বিষয়ক বিভিন্ন অনুষ্ঠান, নিয়মিত প্রচার করা হচ্ছে;
- বিশেষ দিবস ও আন্তর্জাতিক দিবসসমূহের অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- বিশেষ অনুষ্ঠান-সমসাময়িক বিষয় নিয়ে আলোচনা অনুষ্ঠান, সরাসরি বাজেট অধিবেশন, বিশেষ অনুষ্ঠান-প্রভাতী শুভেচ্ছা, আলোকিত মানুষ ধারণ ও প্রচার করা হচ্ছে।
- বার্তা শাখায় ইন্টারনেট সংযোগ এবং ই-মেইল ব্যবহার শুরু হয়েছে। এর ফলে সংবাদদাতাদের পাঠানো সংবাদ ও ভিডিও ফুটেজ দ্রুত সময়ে পাওয়া যাচ্ছে ও চট্টগ্রাম কেন্দ্র থেকে ঢাকা কেন্দ্রের বার্তা শাখায় দ্রুত সময়ে ভিডিও ফুটেজ ও সংবাদ এফটিপিতে প্রেরণ এবং এর প্রেক্ষিতে দৈনন্দিন সংবাদ আদান প্রদানে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে।
- চট্টগ্রাম অঞ্চলে ঘটে যাওয়া উল্লেখযোগ্য সংবাদ নিয়ে সংবাদ ভিত্তিক অনুষ্ঠান- এ সপ্তাহের চট্টগ্রাম, বন্দর থেকে খাতুনগঞ্জ, বিশ্বে ঘটে যাওয়া বিভিন্ন বিষয় নিয়ে অনুষ্ঠান-সপ্তাহ জুড়ে বিশ্ব প্রচারসহ ব্রেকিং নিউজ শিরোনামে ম্যাগাজিন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

**তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/অধিদপ্তর/সংস্থাসমূহের উল্লেখযোগ্য কার্যাবলি:**

## ➢ বাংলাদেশ টেলিভিশন:

∴ ঢাকা কেন্দ্র:

▪ **অনুষ্ঠান শাখা:**

➢ বাংলাদেশ টেলিভিশন দেশের একমাত্র সরকারী জাতীয় গণমাধ্যম। সব শ্রেণীর মানুষের চাহিদার উপর ভিত্তি করে বিটিভি তার প্রচার কার্যক্রম পরিচালনা করে থাকে। শিক্ষা, কৃষ্টি কালচার, স্বাস্থ্য, ভাষা, মুক্তিযুদ্ধের চেতনাকে উপজীব্য করে বাঙালীর গৌরবময় ইতিহাস ও সংস্কৃতিকে ধারণ ও লালন করে সব ধরনের অনুষ্ঠান নির্মান ও প্রচার করা হয়ে থাকে । বৈশ্বিক মহামারি করোনাভাইরাস প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণে বাংলাদেশ টেলিভিশন সরকারের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

➢ গুজব রটনা একটি সামাজিক ব্যাধি। গুজব প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধিতে বাংলাদেশ টেলিভিশন অত্যন্ত গুরুত্বের সার্থে বিভিন্ন স্পট/ফিলার প্রচার করছে।

➢ মাননীয় প্রধানমন্ত্রীর ১০(দশ)টি বিশেষ উদ্যোগ ডিজিটাল বাংলাদেশ, শিক্ষা সহায়তা কার্যক্রম, সবার জন্য বিদ্যুৎ, একটি বাড়ি একটি খামার, নারীর ক্ষমতায়ন, কমিউনিটি ক্লিনিক ও শিশু বিকাশ, আশ্রয়ণ প্রকল্প, সামাজিক নিরাপত্তা বেষ্টনী, পরিবেশ সুরক্ষা এবং বিনিয়োগের বিকাশ এবং বৈশ্বিক মহামারি কোভিড-১৯ সুরক্ষার সময় থেকে সমসাময়িক বিষয় ভিত্তিক সরাসরি অনুষ্ঠান 'এই সময়' এবং 'স্বাস্থ্য জিজ্ঞাসা' বাংলাদেশ টেলিভিশনের নিয়মিতভাবে  অনুষ্ঠান হিসেবে প্রচার করা হচ্ছে। বর্তমানে তা অব্যহত রয়েছে।

➢ দেশের আপামর জনসাধারনকে স্বাস্থ্য সচেতনতা, পরিবেশ সুরক্ষা, আত্ম কর্মসংস্থান, দারিদ্র্য বিমোচন ও ডিজিটাল বাংলাদেশ গড়া, যৌতুক বিরোধী জাতীয় কার্যক্রম, অটিজম ও স্নায়ু বিকাশ জনিত সমস্যা, এসিড অপরাধ নিয়ন্ত্রণ, মাদকদ্রব্য সেবন প্রতিরোধ, জঙ্গীবাদ প্রতিরোধ ও প্রতিকার, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ, যানজট মুক্ত নিরাপদ সড়ক, জলবায়ু পরিবর্তন, জ্বালানী সাশ্রয় ও সংরক্ষণমূলক ইত্যাদি বিষয়ে জনসচেতনতা গড়ে তোলার লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয় এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সহযোগিতায় বাংলাদেশ টেলিভিশনে সব সময় বিভিন্ন অনুষ্ঠান, স্পট/ফিলার সহ বিভিন্ন ডকুমেন্টারী প্রচার করা হয়ে থাকে।

➢ দেশের প্রাকৃতিক দূর্যোগ, বন্যা, খরা, নিম্নচাপ, ভূমিকম্প, সাইক্লোন, টর্নেডো ইত্যাদি দূর্যোগ মোকাবেলায় আগাম বার্তা প্রেরণ এবং দূর্যোগ পরবর্তী করণীয় কার্যক্রম এর বিষয়ে রাষ্ট্রের সম্ভাব্য ক্ষতি লাঘব করার উদ্দেশ্যে জনগণকে সচেতন করার জন্য বিভিন্ন স্পট/ফিলার এবং ডকুমেন্টারী বিটিভিতে প্রচার করা হয়ে থাকে।

➢ বর্তমানে ঢাকা কেন্দ্রের সম্প্রচার প্রতিদিন সকাল ৭.০০ মিনিট থেকে রাত ১২.৩০ মিনিট পর্যন্ত বিরতিহীন ভাবে চলে। আন্তর্জাতিক মাতৃভাষা দিবস, স্বাধীনতা দিবস, বিজয় দিবস, ঈদ-উল-ফিতর, ঈদ-উল-আযহা, বাংলা নববর্ষ ইত্যাদি বিশেষ দিবস গুলোতে অধিবেশন সম্প্রচার সময় সূচির

পরিবর্তন/পরিবর্ধন হয়ে থাকে। তাছাড়া বিভিন্ন প্রকার খেলাধুলা সরাসরি সম্প্রচার এবং পবিত্র রমজান মাসে বিশেষ অধিবেশন সম্প্রচার করা হয়ে থাকে।

- যান্ত্রিক সভ্যতার অভিঘাতে এবং প্রযুক্তির পরম উৎকর্ষে মানুষের জীবনাচরণ প্রতিনিয়ত পরিবর্তন হচ্ছে। দিন দিন মানুষ টেলিভিশন মিডিয়া হতে সোশ্যাল মিডিয়ার দিকে ঝুঁকে পড়ছে। দর্শকের এই প্রবণতাকে প্রাধান্য দিয়ে বাংলাদেশ টেলিভিশনে ইতোমধ্যে সোশ্যাল মিডিয়া উইং চালু করা হয়েছে। বর্তমানে প্রচারিত জনপ্রিয় অনুষ্ঠানগুলো ছাড়াও বাংলাদেশ টেলিভিশনের আর্কাইভ থেকে জনপ্রিয় অনুষ্ঠানগুলো বিটিভির সোশ্যাল মিডিয়া উইং এ প্রচার করা হচ্ছে।
- বাংলাদেশ টেলিভিশনে ২০২২-২০২৩ অর্থ বছরে বিভিন্ন বিনোদনমূলক অনুষ্ঠান, বার্তা, উন্নয়নমূলক অনুষ্ঠান, ম্যাগাজিন অনুষ্ঠান, প্যাকেজ অনুষ্ঠান, দেশী ও বিদেশী চলচ্চিত্র, জনসচেতনতা ও উন্নয়নমূলক স্পট ও শ্লোগান এবং বিজ্ঞাপন সহ নিজস্ব প্রযোজিত অনুষ্ঠান এবং প্যাকেজের আওতায় ১৯ টি ক্যাটাগরিতে মোট ৬৫২০ ঘন্টা ১৪ মিনিট প্রচারিত হয়েছে।
- ১৯টি ক্যাটাগরিতে ২০২২-২০২৩ অর্থ বছরে বিটিভির সম্প্রচার কার্যক্রমের লক্ষ্যমাত্রা ও অর্জিত মাত্রা নিম্নরূপ:

| ক্র: নং | অনুষ্ঠানের বিষয় | লক্ষ্যমাত্রা | | | অর্জিত মাত্রা | | |
|---|---|---|---|---|---|---|---|
| | | ঘন্টা | মিনিট | শতকরা | ঘন্টা | মিনিট | শতকরা |
| ০১. | উন্নয়নমূলক অনুষ্ঠান | ২২০ | - ০০ | ৩.৪৩% | ১০২ | - ২১ | ১.৫৭% |
| ০২. | শিক্ষামূলক অনুষ্ঠান | ২০০ | - ০০ | ৩.১২% | ৯১ | - ৪৮ | ১.৪১% |
| ০৩. | কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান | ২৩৫ | - ০০ | ৩.৬৬% | ২১০ | - ৫২ | ৩.২৩% |
| ০৪. | স্বাস্থ্য পুষ্টি ও পরিবার কল্যাণ বিষয়ক অনুষ্ঠান | ১৯৫ | - ০০ | ৩.০৪% | ২৩০ | - ৩৫ | ৩.৫৪% |
| ০৫. | ইতিহাস, ঐতিহ্য, প্রকৃতি-পরিবেশ ও পর্যটন বিষয়ক অনুষ্ঠান | ৮১ | - ০০ | ১.২৬% | ৬৭ | - ৫৫ | ১.০৪% |
| ০৬. | জনসচেতনতা ও উন্নয়নমূলক স্পট ও শ্লোগান | ৬৫০ | - ০০ | ১০.১৩% | ৬৫৬ | - ২৫ | ১০.০৭% |
| ০৭. | ধর্মীয় অনুষ্ঠান | ৩০০ | - ০০ | ৪.৬৮% | ৩২৪ | - ২২ | ৪.৯৭% |
| ০৮. | ক্রীড়া অনুষ্ঠান | ১৫৫ | - ০০ | ২.৪২% | ৪৪ | - ০০ | ০.৬৭% |
| ০৯. | বিনোদনমূলক অনুষ্ঠান | ১২১০ | - ০০ | ১৮.৮৬% | ৯৬৯ | - ২২ | ১৪.৮৭% |
| ১০. | মহিলা বিষয়ক অনুষ্ঠান | ৪৬ | - ০০ | ০.৭২% | ৯৯ | - ৫৯ | ১.৫৩% |
| ১১. | শিশু কিশোরদের অনুষ্ঠান | ১২৬ | - ০০ | ১.৯৬% | ৫২ | - ২১ | ০.৮০% |
| ১২. | অন্যান্য অনুষ্ঠান | ২৪০ | - ০০ | ৩.৭৪% | ৭৮৭ | - ১৭ | ১২.০৭% |
| ১৩. | বিশেষ অনুষ্ঠান | ২০০ | - ০০ | ৩.১২% | ৩১১ | - ০৭ | ৪.৭৭% |
| ১৪. | সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠান | ৯০০ | - ০০ | ১৪.০৩% | ৮৬৭ | - ৩৮ | ১৩.৩১% |
| ১৫. | বিটিভি প্রযোজিত সংবাদ | ৮৮২ | - ০০ | ১৩.৭৫% | ১১৬৪ | - ৪৯ | ১৭.৮৬% |
| ১৬. | সংবাদ ও বার্তা বিষয়ক অনুষ্ঠান | ৮৩ | - ০০ | ১.২৯% | ৬২ | - ৫২ | ০.৯৬% |
| ১৭. | প্যাকেজ অনুষ্ঠান | ২০০ | - ০০ | ৩.১২% | ১৯৫ | - ০৩ | ২.৯৯% |
| ১৮. | দেশী বিদেশী চলচ্চিত্র এবং অনুষ্ঠান | ২৬৪ | - ০০ | ৪.১১% | ২১১ | - ২৩ | ৩.২৪% |
| ১৯. | বিবিধ বিজ্ঞাপন | ২০০ | - ০০ | ৩.১২% | ৬৯ | - ৫৮ | ১.০৭% |

৪৪

সর্বমোট সম্প্রচার কার্যক্রমের শতকরা হার :

| লক্ষ্যমাত্রা | অর্জিতমাত্রা | শতকরা |
|---|---|---|
| ৬৩৮৭ ঘন্টা | ৬৫২০ ঘন্টা | ১০০.০০% |

➢ **বার্তা শাখা:**

➢ দেশ ও বিদেশের বস্তুনিষ্ঠ তথ্যভিত্তিক সংবাদ ও প্রতিবেদন চিত্রসহ প্রচার। সরকারের যাবতীয় কর্মকান্ডসহ সরকার গৃহীত উন্নয়নমূলক কার্যাবলির খবর জনগণের কাছে পৌঁছে দেয়া এবং জনগণকে ইতিবাচক পরিবর্তনের দিকে উদ্বুদ্ধকরণ। সংবাদ প্রতিবেদন প্রচারের মাধ্যমে জাতীয় ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতির চর্চা ও লালন, গণসচেতনতা বৃদ্ধি ও জনগণের  তথ্য প্রাপ্তির অধিকার নিশ্চিতকরণ বার্তা শাখার প্রধান কাজ।

➢ গত ২০২২-২৩ অর্থ বছরে আধুনিক প্রযুক্তি প্রয়োগের মাধ্যমে বাংলাদেশ টেলিভিশনের সংবাদ আকর্ষণীয় বৈচিত্রপূর্ন ও দৃষ্টিনন্দন করা হয়েছে। ইনোভেশন কার্যক্রমের অংশ হিসেবে বার্তা শাখার প্রতিদিনের সংবাদ কাভারেজ শিডিউল "ই-সিডিউল" প্রক্রিয়ায় প্রদান করা হচ্ছে। তাই সরকারের যাবতীয় কর্মকান্ডসহ সরকার গৃহীত উন্নয়নমূলক কার্যাবলির সংবাদ জনগণের কারছে পৌঁছে দেয়ার লক্ষ্যে বিটিভি'র রিপোর্টিং কার্যক্রম জোরদার করা হয়েছে। মুজিব বর্ষ উপলক্ষ্যে 'যেমন দেখেছি তারে' ও 'তুমি আমাদের লোক' শিরোনামে ধারাবাহিক প্রতিবেদন প্রচার, জাতীয় শোক দিবস ও জাতির পিতার জন্মবার্ষিকী, ভাষার মাস, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস এবং বিজয় দিবসের উপর ভিত্তি করে মাসব্যাপী প্রতিবেদন, বিশেষ দিবসের উপর প্রতিবেদন, মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ বিষয়ে বিশেষ প্রতিবেদন, তথ্য অধিকার প্রতিষ্ঠায় গণসচেতনতা সৃষ্টি, শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, নারী ও শিশু অধিকার, দারিদ্র বিমোচন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবেশ উন্নয়ন, পর্যটন ও কৃষির উপর প্রতিবেদন প্রস্তুত ও প্রচার এবং রোহিঙ্গা ইস্যু নিয়ে সংবাদ প্রতিবেদন এবং দেশের বিভিন্ন অঞ্চল থেকে সরেজমিনে তথ্য ও ভিডিও ধারণ করে উন্নয়নমূলক প্রামান্য অনুষ্ঠান ও প্রতিবেদন বার্তা শাখা কর্তৃক প্রচার বিশেষভাবে উল্লেখযোগ্য।

➢ বাংলাদেশ টেলিভিশন, ঢাকা কেন্দ্র ০১.০৯.২০২০ তারিখ থেকে নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী সংবাদ প্রচার করছে:

| সংবাদের নাম | প্রচার সময় | ব্যাপ্তিকাল |
|---|---|---|
| সকালের সংবাদ | সকাল ৮:০০টা | ২০ মিনিট |
| MORNING NEWS | সকাল ১০:০০টা | ১০ মিনিট |
| মধ্যাহ্নের খবর | দুপুর ১২:০০টা | ১৫ মিনিট |
| দুপুরের সংবাদ | দুপুর ২:০০টা | ২৫ মিনিট |
| AFTERNOON NEWS | বিকাল ৫:০০টা | ১০ মিনিট |
| দেশ ও জনপদের খবর | সন্ধ্যা ৬:০০টা | ২০ মিনিট |
| রাত ৮টার সংবাদ | রাত ৮:০০টা | ৩০ মিনিট |
| NEWS AT 10 | রাত ১০:০০টা | ২০ মিনিট |
| রাতের সংবাদ | রাত ১১:৩০টা | ২৫ মিনিট |

➢ **চট্টগ্রাম কেন্দ্র:**

১৯৯৬ সালে ১৯শে ডিসেম্বর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিটিভি'র চট্টগ্রাম কেন্দ্র উদ্বোধন করেন। উদ্বোধন পরবর্তী ১ ঘন্টা ৩০ মিনিট ব্যাপ্তি অনুষ্ঠান স্থানীয়ভাবে প্রচার হতো। পর্যায়ক্রমে সম্প্রচার সময় বৃদ্ধি করে ১৯ ডিসেম্বর ২০২১ তারিখে ২৪ ঘণ্টায় উন্নীত করা হয়েছে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের আওতায় বাংলাদেশ টেলিভিশন কর্তৃক "বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রকে পূর্ণাঙ্গ টিভি কেন্দ্রে রূপান্তর (১ম পর্যায়)" শীর্ষক প্রকল্পের অধিনে নতুন ভবন নির্মাণের কাজ চলমান রয়েছে। দৈনিক রাত ৯.০০ টায় ইংরেজী সংবাদ বুলেটিন চালু করা হয়েছে।

➢ বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে ২০২২-২৩ অর্থ বছরে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী ১৩টি ক্যাটাগরীতে মোট ৩৭৫৩ ঘন্টা ২৬ মিনিট বিভিন্ন অনুষ্ঠান সম্প্রচার করা হয়েছে। বিভিন্ন অনুষ্ঠান সম্প্রচারের তথ্যাদি নিম্নরূপ:

| ক্রঃ নং | অনুষ্ঠানের বিষয় | ব্যাপ্তিকাল | |
|---|---|---|---|
| | | ঘন্টা | মিনিট |
| ১. | উন্নয়ন ও জনসচেতনতা বিষয়ক অনুষ্ঠান | ৩৭৮ | ৩৭ |
| ২. | নারী বিষয়ক অনুষ্ঠান | ১১৮ | ১৯ |
| ৩. | শিশু কিশোর বিষয়ক অনুষ্ঠান | ১০৯ | ৪১ |
| ৪. | কৃষি বিষয়ক অনুষ্ঠান | ৮১ | ৪৭ |
| ৫. | স্বাস্থ্য পুষ্টি ও পরিবার কল্যাণ বিষয়ক অনুষ্ঠান | ২৪৭ | ৪৪ |
| ৬. | শিক্ষামূলক অনুষ্ঠান | ২৭৪ | ০৯ |
| ৭. | বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অনুষ্ঠান | ৫০ | ১৫ |
| ৮. | প্রকৃতি ও পরিবেশ বিষয়ক অনুষ্ঠান | ৪১ | ১৮ |
| ৯. | সামাজিক নিরাপত্তা বেষ্টনীমূলক অনুষ্ঠান | ৪৪ | ২২ |
| ১০. | বিনোদনমূলক (নাটক, সংগীত ও ম্যাগাজিন) অনুষ্ঠান | ২০৭৯ | ৪৯ |
| ১১. | খেলাধুলা বিষয়ক অনুষ্ঠান | ১৩৮ | ৩৮ |
| ১২. | পর্যটন বিষয়ক অনুষ্ঠান | ১৩৩ | ৪২ |
| ১৩. | তথ্য অধিকার অনুষ্ঠান | ৫৫ | ০৫ |

❖ **বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে অনুষ্ঠান নির্মাণে গত ০১ বছরের অগ্রগতি:**

➢ মুক্তিযুদ্ধ ভিত্তিক ও বঙ্গবন্ধুকে নিয়ে বিভিন্ন অনুষ্ঠান নির্মাণ ও প্রচার;

➢ বিশেষ দিবসের অনুষ্ঠান নির্মাণ ও প্রচার;

➢ মঞ্চ নাটক, ধারাবাহিক ও সাপ্তাহিক নাটক নির্মাণ;

➢ স্থবির সোস্যাল মিডিয়াকে নতুন উদ্যমে চালু করা হয়েছে;

➢ ইউটিউব চ্যানেলে ও ফেসবুক পেইজে অনুষ্ঠান ও সংবাদের কনটেন্ট ও ক্লীপ আপলোড এবং প্রমোশনাল প্রচার করা হচ্ছে;

➢ চট্টগ্রাম কেন্দ্রের সৌন্দর্য বর্ধনে প্রবেশদ্বারে দৃষ্টি নন্দন গেইট স্থাপনের উদ্যোগ গ্রহন করা হয়েছে;

➢ ২৪ ঘন্টার ফিক্সড পয়েন্ট চার্ট প্রণয়ন করে অনুষ্ঠান প্রচার করা হচ্ছে;

➢ সরকারের উন্নয়ন ও মেগা প্রকল্প নিয়ে ফিলার, প্রামাণ্য ও আলোচনা অনুষ্ঠান নির্মাণ ও সরাসরি অনুষ্ঠান প্রচার করা হচ্ছে;

➢ চট্টগ্রাম কেন্দ্রের স্টেশন আইডি, ইনসিগনিয়া নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে;

- প্রতিটি দিবসে বিশেষ অনুষ্ঠান সম্প্রচার এবং ফেব্রুয়ারি, মার্চ, আগস্ট ও ডিসেম্বরে মাসব্যাপি বিশেষ অনুষ্ঠান প্রচার;
- ঈদ, পূজাসহ প্রতিটি ধর্মীয় উৎসবে আকর্ষণীয় অনুষ্ঠানমালা নির্মাণ;
- বদলে গেছে বাংলাদেশ শিরোনামে সংসদীয় আসনভিত্তিক সরকারের উন্নয়ন কার্যক্রম নিয়ে অনুষ্ঠান নির্মাণ ও প্রচার;
- সামাজিক নিরাপত্তা ও উন্নয়ন কর্মকান্ডের উপকারভোগী ব্যক্তিবর্গ, প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট ব্যক্তিবর্গদের অংশগ্রহণে অনুষ্ঠান নির্মাণ;
- ব্যান্ড মিউজিক, গ্র্যান্ড স্টুডিও ও সুরের বাংলাসহ গানের অনুষ্ঠানে নতুনত্ব আনয়ন;
- ডিজিটাল ব্যানার ও জায়ান্ট স্ক্রীনের সমন্বয়ে অনুষ্ঠানের সেট আধুনিকায়ন;
- অনুষ্ঠান ধারণ পরবর্তী তাৎক্ষণিক শিল্পীদের সম্মানীর চেক বিতরণ;
- আন্ত:স্কুল ইংরেজি বিতর্ক প্রতিযোগতা পর্ব-০১ সম্পন্ন হয়েছে;
- ঈদ উপলক্ষে সংগীতানুষ্ঠান-প্রিয় শিল্পীর প্রিয় গান, গানে গানে আনন্দ, সুরানন্দ, সুরের খেয়া, বিশেষ অনুষ্ঠান-তারার মেলা, রান্না বিষয়ক অনুষ্ঠান-ঈদের রান্না, বিশেষ নৃত্যানুষ্ঠান-নূপুরের ছন্দ, পল্লী গানের অনুষ্ঠান-গহিনের গান, বিশেষ টেলিফিল্ম-বিয়ে পরীক্ষা, ম্যাগাজিন অনুষ্ঠান-উচ্ছাস, তারার মেলা, আধ্যাত্মিক গানের অনুষ্ঠান-একদিন মাটির ভিতরে হবে ঘর, বিশেষ অনুষ্ঠান-একই রকম, ঈদ আড্ডা, তারকা কথন, চলচ্চিতের গান নিয়ে অনুষ্ঠান-ছায়াছন্দ, ঈদ ফ্যাশন, প্রীতি বিতর্ক, ব্যান্ড সংগীতের অনুষ্ঠান-ধ্রুব তারা, রক এন্ড পপ (সোলস) রাজনীতিবিদদের নিয়ে অনুষ্ঠান-আনন্দ আয়োজন, নৃ-গোষ্ঠীদের নিয়ে অনুষ্ঠান-পাহাড়িয়া মন।ছায়াছবির গান নিয়ে অনুষ্ঠান: ছায়াছন্দ, ছোটদের ম্যাগাজিন অনুষ্ঠান-ঈদের হাসি ঈদের খুশি, ছোটদের নৃত্যানুষ্ঠান-ছন্দে আনন্দে, ম্যাগাজিন অনুষ্ঠান-ঈদ উৎসব, ঈদ প্রীতি বিতর্ক, ঈদ আনন্দ, আঞ্চলিক ম্যাগাজিন, তথ্য ও বিনোদনমূলক বিশেষ ম্যাগাজিন-আনন্দ আড্ডা, নৃত্যানুষ্ঠান, রান্না বিষয়ক অনুষ্ঠান, ঈদের বিশেষ টেলিফিল্ম-দিগন্তের নিমন্ত্রণে, বিশেষ নাটক-খড় কুটোর আখ্যান, দ্বৈত সঙ্গীতানুষ্ঠান-স্পন্দন ধারণ করা হয়েছে।

❖ <u>বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র থেকে নিয়মিতভাবে যে সকল অনুষ্ঠান প্রচার করা হচ্ছে তার বিবরণঃ</u>

- মুজিব বর্ষ উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা হচ্ছে;
- কোভিড ১৯ প্রতিরোধকল্পে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন স্পট/ফিলারসহ স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ক অনুষ্ঠান-সুষম খাবার প্রতিদিন, স্বাস্থ্য তথ্য/স্বাস্থ্য জিজ্ঞাসা অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি উদ্যোগ যেমনঃ বিনিয়োগ বিকাশ, সামাজিক নিরাপত্তা, একটি বাড়ি একটি খামার, আশ্রায়ন প্রকল্প, ইউনিয়ন ডিজিটাল সেন্টার, কমিউনিটি ক্লিনিক ও শিশু বিকাশ, নারীর ক্ষমতায়ন, শিক্ষা সহায়তা কার্যক্রম, সবার জন্য বিদ্যুৎ এবং ডিজিটাল বাংলাদেশ বিষয়ক অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি Annual Performance Agreement (APA) অনুযায়ী অনুষ্ঠান প্রচার ও কার্যাবলী সম্পাদন করা হচ্ছে;
- দেশের ইতিহাস ঐতিহ্য, কৃষ্টি, সংস্কৃতি বিষয়ে উপর ভিত্তি করে জনকল্যাণকর এবং তথ্যমূলক অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা হচ্ছে;
- তথ্য অধিকার ও শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যাপক গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন অনুষ্ঠান, স্পট/ফিলার নিয়মিত প্রচার করা হচ্ছে;
- বৃহত্তর চট্টগ্রামের ৩ পার্বত্য জেলাসহ অন্যান্য জেলার সাংস্কৃতিক অনুষ্ঠান ধারণ ও প্রচার করা হচ্ছে এবং চট্টগ্রামের শিল্পায়ন ও অর্থনৈতিক উন্নয়ন বিষয়ক অনুষ্ঠান প্রচার করা হচ্ছে;

- SDG এর ১৭টি লক্ষ্যমাত্রার বিষয়ে জনগণকে উদ্বুদ্ধকরণের নিমিত্ত জনসচেতনতামূলক অনুষ্ঠান ও স্পট/ফিলার প্রচার করা হচ্ছে;
- জাতীয় নিরাপত্তা কমিটির গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী খাদ্য মজুদ, খাদ্যে ভেজাল বিরোধী অনুষ্ঠান প্রচার করা হচ্ছে;
- জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম নিয়ে অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- শিক্ষা, স্বাস্থ্য, পুষ্টি, নারী ও শিশু অধিকার, মানব পাচার রোধ, জনসচেতনতা, অটিজম, জলবায়ু পরিবর্তন, মাদক নিয়ন্ত্রণ, নারী ও শিশু নির্যাতন রোধ, দারিদ্র বিমোচন, জনসংখ্যা নিয়ন্ত্রণ, পরিবেশ উন্নয়ন, কৃষি ও অর্থনীতি বিষয়ে বিভিন্ন অনুষ্ঠান/প্রামাণ্যচিত্র/সংবাদ নির্মাণ ও প্রচার করা হচ্ছে;
- যুব উন্নয়নে সচেতনতা সৃষ্টির পাশাপাশি খেলাধুলা ও ব্যবসা বাণিজ্যের উপর ভিত্তি করে অনুষ্ঠান প্রচার করা হচ্ছে;
- খাদ্যে ভেজাল প্রতিরোধ, আত্মহত্যা মহাপাপ এবং জঙ্গীবাদ বিরোধী প্রচারণা স্পট/ফিলার ও অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- ধর্মীয় অনুষ্ঠান-ইসলাম ও জীবন, খুৎবা অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- বিনোদনমূলক বিভিন্ন সঙ্গীতানুষ্ঠান, নৃত্যানুষ্ঠান, যন্ত্র সঙ্গীত, সিনেমার গান, ম্যাগাজিন অনুষ্ঠান, মাইজ ভান্ডারী গানের অনুষ্ঠান, লালন, কাওয়ালী ও সিনেমার গান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- সঙ্গীতানুষ্ঠান-মিউজিক স্টেশন, ফোক টিউন, গ্র্যান্ড স্টুডিও, সোনার তরী, বাঙালির গান, মেঠো সুর অনুষ্ঠান ধারণ ও প্রচার করা হচ্ছে।
- শিক্ষামূলক বিভিন্ন অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- রোহিঙ্গা শরনার্থীদের ঈদ পালন নিয়ে অনুষ্ঠান ধারণ ও প্রচার;
- পিছিয়ে থাকা জনগোষ্ঠী এবং ৩য় লিঙ্গদের নিয়ে অনুষ্ঠান প্রচার করা হচ্ছে;
- শিশু কিশোরদের বিভিন্ন অনুষ্ঠান-মনের কথা, ম্যাগাজিন অনুষ্ঠান-ছোটদের আনন্দ, শিশুতোষ নৃত্যানুষ্ঠান, শিশুতোষ নাটক-শিশু কানন নিয়মিত প্রচার করা হচ্ছে;
- মহিলা বিষয়ক রান্না, মহিলাদের নিয়ে বিশেষ অনুষ্ঠান-পারাবাত পাখনায়, রূপচর্চা ও রান্না বিষয়ক বিভিন্ন অনুষ্ঠান, নিয়মিত প্রচার করা হচ্ছে;
- বিশেষ দিবস ও আন্তর্জাতিক দিবসসমূহের অনুষ্ঠান নিয়মিত প্রচার করা হচ্ছে;
- বিশেষ অনুষ্ঠান-সমসাময়িক বিষয় নিয়ে আলোচনা অনুষ্ঠান, সরাসরি বাজেট অধিবেশন, বিশেষ অনুষ্ঠান-প্রভাতী শুভেচ্ছা, আলোকিত মানুষ ধারণ ও প্রচার করা হচ্ছে।

- **<u>চট্টগ্রাম কেন্দ্রের বার্তা শাখার অগ্রগতিঃ</u>**

- দেশে বিদেশে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের সম্পাদিত কার্যক্রমের অডিও ভিজ্যুয়াল এবং বস্তুনিষ্ঠ সংবাদ ও প্রতিবেদন প্রচার করা হচ্ছে;
- কেন্দ্রের অভ্যন্তরে গ্লাস গেইটে উদ্ভাবনী উদ্যোগের অংশ হিসেবে Digital Information Monitor স্থাপন করা হয়েছে।
- অত্যাধুনিক নিউজ বুথ নির্মাণ করা হয়েছে;
- বাংলা সংবাদে বাণিজ্যিক সংবাদ স্লট চালু করা হয়েছে;
- নিয়মিত উন্নয়নমূলক প্রতিবেদন প্রচার করা হচ্ছে;
- সংবাদে প্রোমো, ইনসিগনিয়া এবং ব্যাকগ্রাউন্ড পরিবর্তন করা হচ্ছে;
- টকব্যাক স্থাপন করা হয়েছে;
- নিউজ বুথে পৃথকভাবে অডিও নেয়ার জন্য অডিও মিক্সার (Audio Mixer) সংস্থাপন করা হয়েছে;
- কক্ষ সুইচ সেট করা হয়েছে;
- এন্টিভাইরাস install করা হয়েছে;

- ➢ কাজের সুবিধার্থে বার্তা শাখায় এডিটিং প্যানেল স্থাপন করা হয়েছে;
- ➢ নিউজ বুথে লাইটিং সম্পাদন করা হয়েছে;
- ➢ দৈনিক সন্ধ্যা ৭টায় বাংলা সংবাদ এবং রাত ৯.০০ টায় ইংরেজি সংবাদ প্রচার করা হচ্ছে। এতে চট্টগ্রাম অঞ্চলে সাধিত সরকারের উন্নয়ন চিত্র জনগণের কাছে আরো বেশি তুলে ধরা হচ্ছে।
- ➢ বার্তা শাখায় দৈনন্দিন সংবাদ সংগ্রহের কাজে একটির স্থলে বর্তমানে একসঙ্গে ৩টি ক্যামেরা ব্যবহার হচ্ছে। বার্তা শাখায় আধুনিকায়নের অংশ হিসেবে সংবাদ পাঠে অটোকিউ'র স্থলে যোগ হয়েছে টেলিপ্রম্পটার;
- ➢ বার্তা শাখায় ইন্টারনেট সংযোগ এবং ই-মেইল ব্যবহার শুরু হয়েছে। এর ফলে সংবাদদাতাদের পাঠানো সংবাদ ও ভিডিও ফুটেজ দ্রুত সময়ে পাওয়া যাচ্ছে ও চট্টগ্রাম কেন্দ্র থেকে ঢাকা কেন্দ্রের বার্তা শাখায় দ্রুত সময়ে ভিডিও ফুটেজ ও সংবাদ এফটিপিতে প্রেরণ এবং এর প্রেক্ষিতে দৈনন্দিন সংবাদ আদান প্রদানে উল্লেখযোগ্য অগ্রগতি সাধিত হয়েছে।
- ➢ চট্টগ্রাম অঞ্চলে ঘটে যাওয়া উল্লেখযোগ্য সংবাদ নিয়ে সংবাদ ভিত্তিক অনুষ্ঠান- এ সপ্তাহের চট্টগ্রাম, বন্দর থেকে খাতুনগঞ্জ, বিশ্বে ঘটে যাওয়া বিভিন্ন বিষয় নিয়ে অনুষ্ঠান-সপ্তাহ জুড়ে বিশ্ব প্রচারসহ ব্রেকিং নিউজ শিরোনামে ম্যাগাজিন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

- **প্রকৌশল শাখা:**

- উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (০১ জুলাই ২০২২ থেকে ৩০ জুন ২০২৩ পর্যন্ত)

| **প্রতিবেদনাধীন বছরে মোট প্রকল্পের সংখ্যা** | **প্রতিবেদনাধীন বছরে এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়)** | **প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার** | **প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা** |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ৪টি | ৩০৯.৫২ | ২৬৩.০৯<br>৯৪% | ১২টি |

- ❖ আইটি শাখা:

১) বাংলাদেশ টেলিভিশন, প্রধান কার্যালয় ও ঢাকা কেন্দ্রকে কম্পিউটার LAN এর আওতায় আনা হয়েছে। সকল কর্মকর্তার ডেস্কে পর্যায়ক্রমিকভাবে ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার সরবরাহ করা হয়েছে।
২) ওয়েবসাইট গতিশীল ও তথ্য সমৃদ্ধ করা হয়েছে।
৩) Web TV চালু করা হয়েছে।
৪) মোবাইল অ্যাপস্ এর মাধ্যমে বিটিভি, বিটিভি ওয়ার্ল্ড, বিটিভি চট্টগ্রাম ও সংসদ বাংলাদেশ এই ০৪টি চ্যানেল এর লাইভ ট্রান্সমিশন করা হচ্ছে।
৫) প্রধান কার্যালয়ে ই-ফাইল ও ঢাকা কেন্দ্র ডি-ফাইলিং পদ্ধতিতে নথি নিষ্পন্ন করা হচ্ছে।
৬) প্রধান কার্যালয় ও ঢাকা কেন্দ্রকে Wifi এর আওতায় আনা হয়েছে।



৪৮

৪

## বাংলাদেশ বেতার:

- পাবলিক সার্ভিস ব্রডকাস্টিং নেটওয়ার্ক হিসেবে বাংলাদেশ বেতার দেশের আপামর জনগণকে তথ্য, বিনোদন ও শিক্ষা প্রদান, সরকারের নীতি, কার্যক্রম ও উন্নয়ন পরিকল্পনা সম্পর্কে অবহিতকরণসহ সরকারের নির্বাচনী ইশতেহার বাস্তবায়নে সরকারের গৃহীত পদক্ষেপ সম্পর্কে জনসাধারণকে অবহিত করে যাচ্ছে।

- ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ হিসেবে বিশ্বের দরবারে আত্মপ্রকাশের জন্য বর্তমান সরকারের যুগান্তকারী সকল উন্নয়ন প্রকল্পের অগ্রগতি, বাস্তবায়নের সর্বশেষ তথ্য জনগণের দোরগোড়ায় পৌছে দেওয়ার লক্ষ্যে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছে বাংলাদেশ বেতার। দেশব্যাপী ১৪ (চৌদ্দ) টি আঞ্চলিক কেন্দ্র ও ৬টি সম্প্রচার ইউনিট এর মাধ্যমে বাংলাদেশ বেতার প্রতিদিন প্রায় ৪৭৭ ঘণ্টা অনুষ্ঠান প্রচার করছে। নির্বাচনী ইশতেহার বাস্তবায়ন ও স্মার্ট বাংলাদেশ বিনির্মানে সরকারের গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম প্রচারে এবং বাংলাদেশ বেতারের অনুষ্ঠান শাখার উল্লেখযোগ্য কার্যক্রমের তথ্য প্রদান করা হলো:

  - ২০২২-২০২৩ অর্থবছরে বাংলাদেশ বেতার থেকে দিন বদলের সনদ, বাংলাদেশের উন্নয়ন নিয়ে প্রচারণামূলক অনুষ্ঠান , তরুণদের অংশগ্রহণে অনুষ্ঠান ,ভিশন-২০৪১, ডেল্টা প্ল্যান ২১০০, স্মার্ট বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নে এবং বিভিন্ন সময়ে সরকারের দিক-নির্দেশনার আলোকে বাংলাদেশ বেতার থেকে বিভিন্ন আঙ্গিকে অনুষ্ঠানমালা প্রচার হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর ব্র্যান্ডিং শিরোনামে দেশ গঠনে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিশেষ ১০ (দশ)টি উদ্যোগের আলোকে বিভিন্ন আঙ্গিকে অনুষ্ঠানমালা নির্মাণ ও প্রচার অব্যাহত রয়েছে। এছাড়া অটিজম সচেতনতা বিষয়ক আলোচনা, নাটিকা, গান, স্পট, শ্লোগান ইত্যাদি নিয়মিত প্রচার হচ্ছে।

  - এসডিজি বিষয়ক অনুষ্ঠানঃ 'টেকসই উন্নয়নে বাংলাদেশ', 'এগিয়ে চলছে ডিজিটাল বাংলাদেশ', 'দিনবদলের পালা', 'বঙ্গবন্ধু ও বাংলাদেশ', 'আইন আদালত', 'আমরাও পারি (প্রতিবন্ধিদের জন্য অনুষ্ঠান), 'আমার বাংলা, 'আমার কৃষি', 'আমার দেশ', 'সুখি সংসার', ইত্যাদি অনুষ্ঠানের মাধ্যমে বর্তমান সরকারের উন্নয়ন কর্মকান্ড প্রচার, এক ইঞ্চি জমিও অনাবাদি না রাখা, মেগা প্রজেক্ট, সুশাসন, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, টিকা কর্মসূচি, নারীর ক্ষমতায়ন, শিক্ষা ও স্বাক্ষরতা, অভিবাসন, শরনার্থী, সন্ত্রাস দমন, ঘূর্ণিঝড় মোখা, ব্লু ইকোনোমি, জলবায়ু পরিবর্তন ও পরিবেশ সুরক্ষা, অনলাইন সেবা, ইউনিয়ন তথ্য ও সেবা কেন্দ্র, সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধ, মানব পাচার প্রতিরোধ, মাতৃভাষার প্রমিত ব্যবহার, ভূমিকম্প ও প্রাকৃতিক দুর্যোগ, করোনা মহামারি ,ডেঙ্গু মোকাবেলায়, ডেঙ্গু/ যক্ষা/ স্যানিটেশন/জন্মনিবন্ধন/ ভিটামিন-এ ক্যাপসুল/ দুর্নীতি দমন/ সড়ক দুঘটনা প্রতিরোধ বিষয়ক/ বিশুদ্ধ পানি, ডায়রিয়া, বিদ্যুৎ অপচয় রোধ, বন্যায় ক্ষতিগ্রস্ত চাষীদের পূনর্বাসন, নারী ও শিশু অধিকার, প্রাথমিক শিক্ষা বিষয়ক, শিশু অধিকার, মায়ের স্বাস্থ্য, গর্ভবতীর খাবার, দুর্গতদের সাহায্য, দূর্যোগ মোকাবেলায় করনীয়, পরিস্কার পরিচ্ছন্নতাসহ বিবিধ গুরুত্বপূর্ণ বিষয়ে জনগণকে উদ্বুদ্ধ, সচেতনতা এবং জনগণকে উদ্বুদ্ধকরণের কাজ করে যাচ্ছে ।

  - মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরতে এবং মুক্তিযুদ্ধের চেতনার যথাযথ বিকাশে আরো বেশি বেশি মুক্তিযুদ্ধভিত্তিক অনুষ্ঠান সম্প্রচার/প্রচার, মাদকের বিস্তার রোধে অনুষ্ঠান সম্প্রচার/প্রচার, শিশুদের মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস ও অন্যান্য তথ্যাবলী শিক্ষা এবং ইন্টারনেটের সঠিক ব্যবহার নিশ্চিতকরণ এবং এর ক্ষতিকার দিক সম্পর্কে তরুন প্রজন্মের মধ্যে সচেতনতা বৃদ্ধি বিষয়ে প্রচার-প্রচারণা অব্যাহত আছে।

  - এছাড়া সময়ে সময়ে জারীকৃত বিভিন্ন জনসচেতনতামূলক কর্মকান্ডের ব্যাপক প্রচারনা অব্যাহত রয়েছে। জরুরী মূহর্তে ও দুর্যোগকালে বিশেষ সম্প্রচার যন্ত্রের মাধ্যমে সার্বক্ষণিক সম্প্রচার বলবৎ

রাখা এবং জনসাধারণের মাঝে সাহস ও প্রেরণা যোগানো বেতারের জন্য একটি বড় চ্যালেঞ্জ। এ চ্যালেঞ্জ বাংলাদেশ বেতার সবসময়েই গ্রহণ করে এসেছে এবং এরই ধারাবাহিকতায় সার্বক্ষণিক সম্প্রচার এখনও বজায় রয়েছে। সবাই যখন ঘুমিয়ে থাকে, জেগে থাকে বাংলাদেশ বেতার এবং এর নিরলস কর্মীবাহিনী। সকলের জন্য সহজবোধ্য ও প্রমিত বাংলা ব্যবহার করে জাতীয় ভাষার উন্নয়ন ও সম্প্রসারণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে বাংলাদেশ বেতার। বাংলাদেশের উন্নয়ন নিয়ে প্রচারণামূলক অনুষ্ঠান, উন্নয়নবার্তা ও মেগা প্রজেক্ট সমূহ যেমন- পদ্মা বহমুখী সেতু, পদ্মা সেতু রেল প্রকল্প, রামপাল বিদ্যুৎ প্রকল্প, মাতারবাড়ি পাওয়ার প্লান্ট, সোনাদিয়া গভীর সমুদ্র বন্দর, পায়রা সমুদ্র বন্দর প্রকল্প, দোহাজারি- কক্সবাজার-গুন্দুম রেললাইন নির্মাণ প্রকল্প, রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র, মেট্রো রেল প্রজেক্ট, এলএনজি টার্মিনাল প্রকল্প ইত্যাদি বিষয়ে উন্নয়ন অগ্রগতির উপর গান, জিঙ্গেল, ম্যাগাজিন, সাক্ষাৎকারসহ বিশেষ অনুষ্ঠান নির্মাণ ও প্রচার করা এবং প্রচার কার্যক্রম অব্যাহত রয়েছে।

- এছাড়া মাননীয় প্রধানমন্ত্রী ও মহামান্য রাষ্ট্রপতির সবগুলো অনুষ্ঠান জাতীয় সংসদের সবগুলো অধিবেশন, জাতীয় দিবসের অনুষ্ঠান, দেশীয় ও আন্তর্জাতিক খেলাসমূহ সরাসরি সম্প্রচার করা হচ্ছে।

**<u>বাংলাদেশ বেতারের বার্তা শাখা থেকে ২০২২-২০২৩ অর্থবছরের কার্যাবলি সম্পর্কিত বার্ষিক প্রতিবেদন:</u>**

- ➢ মুক্তিযুদ্ধের ইতিহাস এবং বাঙ্গালীর স্বাধিকার প্রতিষ্ঠায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানেরে আজীবন সংগ্রাম ও অবদান সংক্রান্ত যে কোন সংবাদ অত্যন্ত গুরুত্বসহকারে বুলেটিনে প্রচার।
- ➢ মার্চ-২০২২ সালে জাতীর পিতার জন্মবার্ষিকী ও স্বাধীনতা দিবস উপলক্ষে সকল অনুষ্ঠানের সংবাদ গুরুত্বসহকারে প্রচার করা হয়।
- ➢ স্বাধীনতার মাস উত্তাল মার্চ ও বিজয়ের মাস ডিসেম্বরে স্বাধীনতা সংগ্রামে জাতির পিতার অবদান নিয়ে মাসব্যাপী বিশেষ প্রতিবেদন প্রচার।
- ➢ শোকের মাস আগষ্টে বঙ্গবন্ধুকে নিয়ে সাক্ষাতকার ভিত্তিক প্রতিবেদন প্রচার।
- ➢ মেট্রোরেল, কর্ণফুলি টানেলসহ বিভিন্ন মেগা প্রজেক্টের বাস্তবায়ন অগ্রগতি বিশেষ প্রতিবেদন আকারে প্রচার।
- ➢ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ নিয়ে বিস্তারিত প্রতিবেদন প্রচার।
- ➢ মন্ত্রিপরিষদ বৈঠক ও একনেক বৈঠক নিয়ে নিয়মিত সংবাদ ও রিপোর্টিং প্রচার।
- ➢ পদ্মা সেতুকে ঘিরে বিপুল অর্থনৈতিক সম্ভাবনা এবং দেশের সার্বিক যোগাযোগ ব্যবস্থার অভাবনীয় অগ্রগতি নিয়ে নিয়মিত প্রতিবেদন প্রচার করা হয়।
- ➢ দারিদ্র বিমোচন ও জনসংখ্যা নিয়ন্ত্রণ সংক্রান্ত জনসচেতনতা বৃদ্ধি লক্ষ্যে এ সংক্রান্ত রিপোর্টিং গুরুত্বসহকারে সংবাদ বুলেটিনে প্রচার।
- ➢ পুষ্টি, শিশু অধিকার, মানব পাচার, সামাজিক নিরাপত্তা ও নারীর ক্ষমতায়ন বিষয়ক সংবাদ ও রিপোর্টিং প্রচার।
- ➢ অসাম্প্রদায়িক চেতনা বজায় রাখতে অন্যান্য ধর্মীয় জনগোষ্ঠী ও ক্ষুদ্র জাতিগোষ্ঠীর বিভিন্ন ধর্মীয় স্থাপনা উন্নয়নে ও উৎসব পালনে সরকারের বিভিন্ন পদক্ষেপ নিয়ে প্রতিবেদন প্রচার।
- ➢ অর্থনৈতিক উন্নয়ন, পর্যটন ও অপচয় রোধ নিয়ে সংবাদ ও রিপোর্টিং প্রচার।
- ➢ প্রধান বুলেটিনে কৃষি বিষয়ক সংবাদ নিয়মিত প্রচার এছাড়া শিক্ষা, স্বাস্থ্য বিষয়ক সংবাদও প্রচার।
- ➢ নারী নির্যাতন রোধ, নারীর ক্ষমতায়ন ও শিশু শ্রম, শিশুর অধিকার প্রতিষ্ঠা সংক্রান্ত সংবাদ নিয়মিত প্রচার।
- ➢ ডেঙ্গু বিস্তার রোধে সরকারের বিস্তারিত কর্মসূচি নিয়মিতভাবে সংবাদে প্রচার।
- ➢ প্রধানমন্ত্রীর কার্যালয় ও অন্যান্য মন্ত্রণালয়ের দৈনন্দিন কর্মসূচি নিয়ে সংবাদে নিয়মিত প্রচার করা হয়। পাশাপাশি জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়গুলো গুরুত্বসহকারে সংবাদে অন্তর্ভূক্ত করা হয়।
- ➢ জাতীয় গুরুত্বপূর্ণ ঘটনার পাশাপাশি বৈশ্বিক ঘটনাবলীর সর্বশেষ পরিস্থিতি নিয়মিত সংবাদে প্রচার।

## তথ্য অধিদফতর:

**প্রতিবেদনাধীন অর্থবছরে সম্পাদিত গুরুত্বপূর্ণ উল্লেখযোগ্য/কার্যাবলি :**

- ২০২২-২৩ অর্থবছরে তথ্য অধিদফতরের ওয়েবসাইট উন্নত ও হালনাগাদ করা হয়েছে।
- তথ্য অধিদফতর প্রথমবারের মতো অমর একুশে বই মেলায় অংশগ্রহণ করেছে। মেলায় স্থাপিত অধিদফতরের স্টলটি পাঠক ও শুভানুধ্যায়ী মহল কর্তৃক প্রশংসিত হয়েছে।
- স্বাধীনতা দিবসের বিশেষ ক্রোড়পত্র বাংলাদেশ ও ভারতের পত্রিকায় একই সাথে প্রকাশিত হয়েছে।
- বিজয় দিবসের একটি বিশেষ ফিচার বাংলাদেশ ও ভারতের পত্রিকায় একই সাথে প্রকাশিত হয়েছে।
- তথ্য অধিদফতরের উদ্যোগে ০৭-১১ মার্চ, ২০২২ তারিখ পর্যন্ত ঐতিহাসিক ০৭ মার্চ ২০২৩ জাতীয় দিবস উদযাপন উপলক্ষ্যে স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জীবন ও কর্মের ওপর সোহরাওয়ার্দী উদ্যানের শিখা চিরন্তনের পাশে আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়। তথ্য অধিদফতর থেকে প্রকাশিত বই সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের গঠিত কমিটি কর্তৃক নির্বাচিত হওয়া প্রথমবারের মত জাতীয় গ্রন্থ কেন্দ্রের নিকট বিক্রয় করা হয়েছে।
- পদ্মাসেতুতে রেল সংযোগ প্রকল্পের প্রথম ট্রায়াল ট্রেনের রানের ওপর ভিত্তি করে নির্মিত একটি ভিডিও তথ্যচিত্র প্রচার করা হয়েছে যা দর্শকমহলে প্রশংসিত হয়েছে। উক্ত ভিডিও তথ্যচিত্রটির ভিউজ প্রায় দেড় লক্ষ। পায়রা সমুদ্র বন্দরের ওপর ভিত্তি করে নির্মিত ভিডিও তথ্যচিত্র প্রচার করা হয়েছে।
- তথ্য অধিদফতরের উদ্যোগে ১১-১৭ আগস্ট, ২০২২ তারিখ পর্যন্ত স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর ৪৭তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে ক্লিনিক ভবনের সামনে আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়।
- তথ্য অধিদফতরের উদ্যোগে ০৭-১১ মার্চ, ২০২২ তারিখ পর্যন্ত ঐতিহাসিক ০৭ মার্চ , ২০২৩ জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জীবন ও কর্মের ওপর সোহরাওয়ার্দী উদ্যানের শিখা চিরন্তনের পাশে আলোকচিত্র প্রদর্শনীর আয়োজন করা হয়।
- তথ্য অধিদফতর থেকে ১৭টি গুজব বিরোধী ভিডিও কন্টেন্ট ও Iconotext প্রস্তুত করা হয়েছে এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচার করা হয়েছে।

## গণযোগাযোগ অধিদপ্তর:

- গণযোগাযোগ অধিদপ্তর তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়াধীন সরকারের মাঠ পর্যায়ে একমাত্র প্রচার প্রতিষ্ঠান। সরকার ও জনগণের মধ্যে সেতুবন্ধ রচনাকারী এই প্রতিষ্ঠান সরকারের নীতি, আদর্শ, উন্নয়ন পরিকল্পনা ও গৃহিত কর্মসূচি সম্পর্কে জনগণকে অবহিত করে। পাশাপাশি সরকারের নানাবিধ কার্যক্রম সম্পর্কে জনগণের মতামত সংগ্রহ করে সরকারের কাছে পৌঁছে দেয়।

- অধিদপ্তরটির রূপকল্প হচ্ছে- তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নির্ভর তথ্য সেবা সর্বত্র ও সকলের জন্য নিশ্চিত করা। পক্ষান্তরে প্রতিষ্ঠানটির অভিলক্ষ্য হচ্ছে সরকারের নীতি ও কার্যক্রমের সাথে ব্যাপক জনগোষ্ঠীকে বিশেষ করে প্রত্যন্ত অঞ্চলের জনগোষ্ঠীকে তথ্য সেবার মাধ্যমে সচেতন, উদ্বুদ্ধ এবং উন্নয়নের ধারায় সম্পৃক্ত করা।

- রূপকল্প-২০৪১ এ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) অনুযায়ী বাংলাদেশকে উন্নতদেশে পরিণত করার লক্ষ্যে গণযোগাযোগ অধিদপ্তর ৬৮টি তথ্য অফিসের মাধ্যমে সরকারের সাফল্য ও উন্নয়ন ভাবনা বিষয়ে চলচ্চিত্র/প্রামাণ্যচিত্র প্রদর্শন, সড়ক প্রচার, মহিলা সমাবেশ, উন্মুক্ত বৈঠকসহ বিভিন্ন প্রচার কার্যক্রম বাস্তবায়ন করছে। বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে 'এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি', উন্মুক্ত বৈঠক, আলোচনা সভা, প্রেস রিলিজের মাধ্যমে মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা সংগ্রাম, সরকারের সাফল্য ও উন্নয়ন কার্যক্রম ইত্যাদি বিষয় তুলে ধরা হয়েছে।

- ৪র্থ শিল্প বিপ্লব সবার জন্য অবারিত সুযোগ তৈরি'র আশা জাগিয়েই চলছে। কর্মসংস্থান সৃষ্টি ও কর্মঘণ্টা হ্রাস এ প্রযুক্তির সহজাত সক্ষমতা। বাংলাদেশ ইতোমধ্যেই এ বিপ্লবকে নিজেদের করে নিতে সব রকম প্রস্তুতি শুরু করেছে। এরই অংশ হিসেবে গণযোগাযোগ অধিদপ্তর এবং এর অধীনস্থ জেলা তথ্য অফিসসমূহ সরকারি ও বেসরকারি পর্যায়ে সকল জনশক্তিসহ তরুণ প্রজন্মকে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় উদ্বুদ্ধকরণ ও সচেতন করতে নিয়মিত আয়োজন করছে ওয়ার্কশপ, সেমিনার, সিম্পোজিয়ামসহ নানাবিধ প্রচার কার্যক্রম । একসাথে সবাই মিলে ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জগুলো সম্পর্কে সচেতন হয়ে এ মুহূর্তে ভবিষ্যতের জন্য প্রস্তুত হওয়াই আমাদের প্রধান লক্ষ্য।

- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও কর্মের উপর রচিত সংগীত ৬৮ তথ্য অফিস কর্তৃক ভ্রাম্যমাণ সংগীত দলের মাধ্যমে জেলা, উপজেলা, ইউনিয়ন ও গ্রাম পর্যায়ে প্রচার করা হয়েছে।

- মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ ব্র্যান্ডিং বিষয়ক চলচ্চিত্র প্রদর্শন ও আলোচনা সভা, আর্থসামাজিক বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ সংগীতানুষ্ঠান, সড়ক প্রচার ও প্রেসব্রিফিং এবং সাংবাদিকদের সাথে মতবিনিময় সভা সারাদেশে বাস্তবায়ন করা হয়েছে।

- ২০২২-২০২৩ অর্থবছরে গুজব ও অপপ্রচার প্রতিরোধ, সাম্প্রদায়িকতা প্রতিরোধ, জঙ্গিবাদ ও ধ্বংসাত্মক রাজনীতি বিষয়ে বিলবোর্ড স্থাপন, ফেস্টুন প্রদর্শন, সড়ক প্রচার, আলোচনা ও মহিলা সভার মাধ্যমে সারাদেশব্যাপী জনগণকে সচেতন করেছে গণযোগাযোগ অধিদপ্তর।

- **মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত :**

২০২২-২০২৩ অর্থবছরে গণযোগাযোগ অধিদপ্তরের জেলা পর্যায়ে ৬৪ জেলা তথ্য অফিস ও পার্বত্য অঞ্চলের ৪টি উপজেলা পর্যায়ে তথ্য অফিসের মাধ্যমে বাস্তবায়িত প্রচার কার্যক্রমের প্রতিবেদন:

| ক্রম | কর্মসূচি | বাস্তবায়িত কার্যক্রম(সংখ্যা) |
|---|---|---|
| ০১ | সড়ক প্রচার | ১৪০৯৩ |
| ০২ | জনসচেতনতামূলক চলচ্চিত্র প্রদর্শন/বার্তাবহল ফেস্টুন স্থাপন | ১১২৩৭ |
| ০৩ | মুজিববর্ষ ও সরকারের উন্নয়ন কার্যক্রমের উপর আলোচনা সভা/মত বিনিময় সভা/মহিলা সমাবেশ/ভার্চুয়াল সভা আয়োজন/পিভিসি ডিসপ্লে বোর্ড স্থাপন | ১২৭৪ |
| ০৪ | উন্মুক্ত বৈঠক আয়োজন | ১৬১৪ |
| ০৫ | 'এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি' অনুষ্ঠান আয়োজন/বঙ্গবন্ধুর উপর অনলাইন চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন | ১২৮ |
| ০৬ | মুজিববর্ষ ও আর্থসামাজিক বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ ভ্রাম্যমাণ সংগীতানুষ্ঠান | ১৬৮৭ |



৪৮

| | | |
|---|---|---|
| | আয়োজন/রেকর্ডকৃত ঐরূপ সংগীত প্রচার | |
| ০৭ | পিআই কভারেজ | ১২১৩৪ |
| ০৮ | পোস্টার/লিফলেট/পুস্তিকা/সাময়িকী বিতরণ ও প্রদর্শন | ৩৯৮১০০০ |
| ০৯ | প্রেক্ষাগৃহ প্রদর্শন | ১০০ |
| ১০ | অনলাইনে সচেতনতামূলক বার্তা/চিত্র/কনটেন্টস প্রচার | ৩৪৮৯ |
| ১১ | ভিডিও কলের মাধ্যমে উন্মুক্ত বৈঠক আয়োজন | ৬৪১ |
| ১২ | স্থাপিত এলইডি স্ক্রিনে মুজিববর্ষের কনটেন্টস/উন্নয়ন বার্তা/সচেতনতামূলক বার্তা প্রচার | ৭০২ |
| ১৩ | **বিশেষ কর্মসূচি:** | |
| | ক) তথ্য অফিসসমূহ দেশব্যাপী জনগণকে সচেতন করার লক্ষ্যে জরুরি বার্তা নিয়মিত প্রচারমাইকিং করছে।/ | |
| | খ) জেলা তথ্য অফিসসমূহ সামাজিক যোগাযোগ মাধ্যমেভিডিও /ছবি/ফেসবুকে জাতীয় গুরুত্বপূর্ণ বার্তা / নিয়মিত আপলোড করছে। | |
| | গ) বিভাগীয় পর্যায়ের জেলা তথ্য অফিস কর্তৃক এলইডি বোর্ডের মাধ্যমে জাতীয় গুরুত্বপূর্ণ করণীয় সংক্রান্ত বার্তা প্রচার করছে। | |
| | ঘ) 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আমাদের করণীয়' শীর্ষক আলোচনাসভা ও সঙ্গীতানুষ্ঠান আয়োজন। | |
| | ঙ) 'চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবিলায় করণীয়' বিষয়ে কর্মশালা আয়োজন। | |

## ❖ চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর:

- পাক্ষিক সচিত্র বাংলাদেশ ১২ টি সংখ্যা ১,২০,০০০ কপি, মাসিক নবারুণ ১,৩৫,০০০ কপি, বাংলাদেশ কোয়ার্টালি-১২,০০০ কপি।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জুলিও কুরি শান্তিপদক প্রাপ্তির ৫০ বছর উদ্‌যাপন উপলক্ষে বিশেষ প্রামণ্যচিত্র নির্মাণ ও পোস্টার মুদ্রণ।
- বাংলাদেশের ক্ষুদ্র নৃগোষ্ঠীর বিশেষ গ্রন্থ প্রকাশ।
- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের 'জাতীয় পতাকা বিধি' শীর্ষক ০১ লক্ষ কপি ফোল্ডিং লিফলেট মুদ্রণ করা হয়েছে। গণযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে সারাদেশে বিতরণ করা হচ্ছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ০১(এক) লক্ষ কপি দাপ্তরিক ছবি এবং মাননীয় প্রধানমন্ত্রীর০১ (এক) লক্ষ কপি দাপ্তরিক ছবি মুদ্রণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগে ব্রান্ডিং বিষয়ে ০৬ (ছয়) হাজার কপি দেয়াল ক্যালেন্ডার মুদ্রণ করা হয়েছে। মুদ্রিত ক্যালেন্ডারসমূহ গণযোগাযোগ অধিদপ্তরের মাধ্যমে সারা দেশে বিতরণ করা হয়েছে।

## ❖ জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট:

ক) Role of Media in Reducing Social Degradation শীর্ষক ১ টি গবেষেণা প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।

খ) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট জার্নাল (ষষ্ঠ বর্ষ, ১ম সংখ্যা) প্রকাশ করা হয়েছে।

গ) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের নিউজ লেটার (ষষ্ঠ বর্ষ, ৭ম সংখ্যা) প্রকাশ করা হয়েছে।

ঘ) এ অর্থবছরে ১৫ টি প্রশিক্ষণের অনুকূলে ২০৫ জন পুরুষ ও ৯৩ জন মহিলাসহ মোট ২৯৮ জন প্রশিক্ষণার্থীকে, ১০টি ইন-হাউজ প্রশিক্ষণের অনুকূলে ২২৭ জন পুরুষ ও ৪৮ জন মহিলাসহ মোট ২৭৫ জন প্রশিক্ষণার্থীকে, ৫৬ টি সেমিনার/ওয়ার্কশপের অনুকূলে ১,২৬৯ জন পুরুষ ও ৫০০ জন মহিলাসহ মোট ২,৩৩৫ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ঙ) P4D (Platform for Dialogue) প্রকল্পের আওতায় Citizen's Charter, NIS, RTI এবং

GRS-এর উপর ১০ টি কর্মশালা আয়োজন করা হয়। এ বিষয়ে প্রচারণা বৃদ্ধির জন্য NIMC Media Award-2023 আয়োজন করা হয়েছে। সুশাসনের কৌশলপত্র বাস্তবায়নের জন্য Communication Statcgy প্রণয়ন করা হয়েছে।

চ) প্রশিক্ষণ বর্ষপঞ্জি ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

ছ) ২০২২-২৩ অর্থবছরে ৩য় থেকে ৯ম গ্রেড ক্যাটাগরিতে দুইজন কর্মকর্তা, ১০ থেকে ১৬ গ্রেড ক্যাটাগরিতে ১ জন কর্মচারী এবং ১৭ থেকে ২০ গ্রেড ক্যাটাগরিতে ১ জন কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।

জ) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের বিভিন্ন স্থাপনার সংস্কার ও মেরামত (পূর্ত) কাজ সম্পন্ন করা হয়েছে।।

ঝ) ২৫.০৬.২০২৩ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সাথে জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) স্বাক্ষরিত হয়েছে।

ঞ) ২০২১-২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়েছে

ট) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউটের ৪৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে।

ঠ) ১১-২০ তম গ্রেডের কর্মচারীদের নিয়োগ প্রদান করা হয়েছে।

ড) উপপরিচালক ১ জন, সহকারী পরিচালক ৩ জন এবং প্রশাসনিক কর্মকর্তা পদে ১ জন কে পদোন্নতি প্রদান করা হয়েছে।

ঢ) জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট প্রাঙ্গণে গত ২৫ জুন ২০২৩ তারিখে গাছের চারা রোপণ করে জাতীয় বৃক্ষরোপণ অভিযানে অংশগ্রহণ করা হয়েছে।

**গ) ২০২২-২০২৩ অর্থবছরে ক্রয়কৃত মালামালের তালিকা নিম্নরূপ :**

| ক্রম | বিবরণ | পরিমাণ | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|
| ১ | ডেস্কটপ | ডেস্কটপ-৩ সেট | ২,৫০,২০০/- |
| ২ | বই পুস্তক ক্রয় | ২৯৫ কপি | ১,৬১,৭৬০/- |
| ৩ | এসি | ০ | ০ |
| ৪ | আসবাবপত্র | বিভিন্ন ধরণের ফার্নিচার | ৩,৯৮,৪৩০/- |
| ৫ | বৈদ্যুতিক সরঞ্জাম | ৭ ওয়াট এলইডি লাইট (পিন টাইপ), ৪০ ওয়াট এলইডি টিউবলাইট, এলইডি স্পটলাইট , টেবিল ল্যাম্পসেট, বৈদ্যুতিক তার ১.৫ আরএম, এক্সটেনশন বোর্ড, এগজস্ট ফ্যান ১৬'' মেটাল, কম্বিনেশন প্লেয়ার, টু পিন প্লাগ, স্টার স্ক্রু ২ইঞ্চি, ক্যাবল ক্লিপ ২২ এমএম (প্রতি বক্স ১০০টি) | ২,৯৪,৯৯০/- |

## ❖ বাংলাদেশ প্রেস কাউন্সিল:

➢ প্রতিবেদনাধীন বছরের ২৫ অক্টোবর ২০২২ তারিখে তথ্য ভবন অডিটোরিয়ামে সংবাদপত্র /সাংবাদিকদের মাঝে বাংলাদেশ প্রেস কাউন্সিল পদক ২০২২ প্রদান করা হয়। উক্ত পদক প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি। এছাড়া বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মাননীয় সংসদ সদস্য জনাব মতিয়া চৌধুরী। এছাড়া উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রেস কাউন্সিলের সম্মানিত সদস্যবৃন্দ জনাব ইকবাল

সোবহান চৌধুরী, জনাব মুহম্মদ নূরুল হুদা, জনাব সাইফুল আলম, দেওয়ান হানিফ মাহমুদ, জনাব এম জি কিবরিয়া চৌধুরী, ড. উৎপল কুমার সরকার ও জনাব সেবিকা রাণী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রেস কাউন্সিলের মাননীয় চেয়ারম্যান বিচারপতি মো. নিজামুল হক নাসিম।

- প্রতিবেদনাধীন বছরের ১৪ ফেব্রুয়ারি, ২০২৩ তারিখে বাংলাদেশ প্রেস কাউন্সিল দিবস উপলক্ষে বাংলাদেশ প্রেস কাউন্সিল মিলনায়তনে গণমাধ্যমের সাংবাদিকদের উপস্থিতিতে একটি শুভেচ্ছা বিনিময় অনুষ্ঠান আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি। এছাড়া উপস্থিত ছিলেন কাউন্সিলের সম্মানিত সদস্য জনাব মোজাফফর হোসেন পল্টু, জনাব ইকবাল সোবহান চৌধুরী ও জনাব সেবিকা রাণী। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বাংলাদেশ প্রেস কাউন্সিলের মাননীয় চেয়ারম্যান বিচারপতি মো. নিজামুল হক নাসিম।

- প্রতিবেদনাধীন বছরে ৫টি পূর্ণ কাউন্সিল অধিবেশন অনুষ্ঠিত হয়। এসব অধিবেশনে সাংবাদিকদের অনলাইন ডাটাবেইস তৈরির নীতিমালা প্রণয়ন বিষয়ে সিদ্ধান্ত নেয়া হয়। বিভিন্ন কমিটিসমূহের মধ্যে জুডিশিয়াল কমিটির ৬০টি সভা অনুষ্ঠিত হয় এবং এতে ১২ টি জুডিশিয়াল মামলা নিষ্পত্তি করা হয়। পাশাপাশি প্রেস আপিল বোর্ডের ৩০টি সভায় ১১টি আপিল নিষ্পত্তি করা হয়। অন্যান্য কমিটিসমূহের মধ্যে ১০টি দরপত্র কমিটির সভা অনুষ্ঠিত হয়।

- প্রতিবেদনাধীন বছরে প্রেস কাউন্সিলের উদ্যোগে কক্সবাজার, গাজীপুর, নারায়ণগঞ্জ, পটুয়াখালীর রাঙ্গাবালি উপজেলা, ময়মনসিংহের ভালুকা উপজেলা, মাদারীপুর, ঝালকাঠি, নরসিংদী, সিলেট, সুনামগঞ্জ, মৌলভীবাজার, নাটোর, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, যশোর, সাতক্ষীরা, মাগুরা ও ঢাকা জেলায় সাংবাদিকদের অংশগ্রহণে ৯টি প্রশিক্ষণ কর্মশালা ও ১৩টি সেমিনার ও মতবিনিময় সভার আয়োজন করা হয়। প্রশিক্ষণ কর্মশালায় ৩০০ জন ও সেমিনার ও মতবিনিময় সভায় ৩৫০ জন সাংবাদিক অংশগ্রহণ করেন।

## ❖ বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড:

- বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডে দেশী-বিদেশী সর্বপ্রকার বাণিজ্যিক ও অবাণিজ্যিক বাংলা ও ইংরেজী এবং আমদানীকৃত চলচ্চিত্রসমূহ বাংলাদেশে প্রদর্শনের জন্য সেন্সর করা হয়ে থাকে।

- ২০২২-২৩ অর্থবছরে ৯২টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ৯টি স্বল্পদৈর্ঘ্য বাংলা, ১৪টি প্রামাণ্য চলচ্চিত্র, ৩৮টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্র এবং ৫৫টি বাংলা চলচ্চিত্রের ট্রেইলার সেন্সর করা হয়েছে। সেন্সরকৃত চলচ্চিত্রগুলোর মধ্যে ৮৩টি পূর্ণদৈর্ঘ্য বাংলা, ৯টি স্বল্পদৈর্ঘ্য বাংলা, ১৪টি প্রামাণ্য চলচ্চিত্র, ৩৮টি পূর্ণদৈর্ঘ্য ইংরেজি চলচ্চিত্র এবং ৫৩টি বাংলা চলচ্চিত্রের ট্রেলারের অনুকূলে সেন্সর সনদপত্র জারি করা হয়েছে।

- বর্ণিত সময়ে ৩টি পূর্ণদৈর্ঘ্য বাংলা চলচ্চিত্র এবং ১টি বাংলা চলচ্চিত্রের ট্রেইলার জনসাধারণের মধ্যে প্রদর্শন উপযোগী নয় মর্মে সেন্সর আবেদনপত্র বাতিল ঘোষণা করা হয়।

- এছাড়াও এ সময়ে বিভিন্ন চলচ্চিত্র উৎসবের জন্য মোট ২৫৭টি চলচ্চিত্র পরীক্ষণপূর্বক বিশেষ সেন্সর সনদপত্র জারি করা হয়েছে।

- বর্ণিত সময়ে ৩৩১টি পোস্টার/স্থিরচিত্রের আবেদনের পরিপ্রেক্ষিতে ৩২৬টি পোস্টার/স্থিরচিত্রের অনুমোদন দেওয়া হয়েছে এবং ৫টি পোস্টার/স্থিরচিত্র বাতিল করা হয়েছে।

**(খ) চলচ্চিত্র সংসদ নিবন্ধন ও নবায়ন কার্যক্রম :**

২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড কর্তৃক ৩টি চলচ্চিত্র সংসদের নিবন্ধনের সনদপত্র জারি করা হয়েছে।

**(গ) পরিদর্শনকৃত জেলার নাম ও মোট সিনেমা হলের সংখ্যা ও ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত :**

ঢাকা, নারায়ণগঞ্জ, কুমিল্লা, ফেনী, চট্টগ্রাম, গাজীপুর, নরসিংদী, বি-বাড়ীয়া, হবিগঞ্জ, মৌলভীবাজার, সিলেট, কিশোরগঞ্জ, ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর, জামালপুর, টাঙ্গাইল, সিরাজগঞ্জ, বগুড়া, গাইবান্ধা, রংপুর, দিনাজপুর, জয়পুরহাট, নওগাঁ, পাবনা, নাটোর, মানিকগঞ্জ, রাজবাড়ী, ফরিদপুর, মাদারীপুর, শরিয়তপুর, গোপালগঞ্জ, সাতক্ষীরা, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, ভোলা, পটুয়াখালী জেলার মোট ১৭৮টি সিনেমা হল পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন প্রতিবেদনে ৫২টি সুপারিশ করা হয়েছে। সুপারিশগুলোর মধ্যে ৩৮টি সুপারিশ বাস্তবায়ন করা হয়েছে।

**(ঘ) রাজস্ব আয় :**

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড সরকারের একটি গুরুত্বপূর্ণ কর-বহির্ভূত (Non Tax) রাজস্ব আদায়কারী প্রতিষ্ঠান। ২০২২-২৩ অর্থবছর চলচ্চিত্র সেন্সর ও স্ক্রীনিং ফি বাবদ = ৩৪,৩৫,০০০/-(চৌত্রিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা রাজস্ব আয় হয়েছে।

**(ঙ) ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের অগ্রগতি :**

- বর্ণিত সময়ে এ দপ্তরের সকল শাখায় ই-নথি ব্যবহার চালু করা হয়েছে।
- ৯০.৪৪% নথি ই-ফাইলিং ব্যবস্থায় নিস্পত্তি করা হয়েছে।
- এ দপ্তরের ওয়েব পোর্টালকে ন্যাশনাল ওয়েব পোর্টালের আওতায় আনা হয়েছে।
- আইসিটি সংক্রান্ত উন্নয়নের পদক্ষেপ হিসেবে এ বোর্ডের কর্মকর্তা ও আইসিটি সম্পৃক্ত কর্মচারীদের কম্পিউটারভিত্তিক জ্ঞান ও বাস্তবভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
- এ দপ্তরে ডিজিটাল নথি নম্বর ব্যবহার প্রবর্তিত হয়েছে।
- বোর্ডের Citizen's Charter এবং কার্যক্রম সংক্রান্ত তথ্য-উপাত্ত এ দপ্তরের ওয়েব সাইট www.bfcb.gov.bd তে নিয়মিত সন্নিবেশিত করা হচ্ছে ।
- BanglaGov.net প্রকল্পের আওতায় এ দপ্তরে একটি উচ্চ গতিসম্পন্ন ইন্টারনেট ডিভাইস স্থাপন করা হয়েছে।
- সেন্সরকৃত চলচ্চিত্রের তথ্য সংরক্ষণের জন্য ডাটাবেইজ তৈরির কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে প্রস্তুতকৃত ডাটাবেইজের আরো পরীক্ষা-নিরীক্ষার কাজ চলমান রয়েছে।

**(ছ)** ইনোভেশন কার্যক্রম :

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ডের ওয়েবসাইট www.bfcb.gov.bd এর ইনোভেশন কর্ণারে ইনোভেশন সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের তথ্যাদি প্রতিনিয়ত হালনাগাদ করা হচ্ছে।

(জ) জাতীয় শুদ্ধাচার কার্যক্রম :

২০২২-২৩ অর্থবছরের শুরুতে জাতীয় শুদ্ধাচার নীতিমালার আলোকে বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ডের জন্য একটি শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। উক্ত কর্মপরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। বর্ণিত সময়ে গ্রেড ১০-১৬ এর একজন কর্মকর্তা এবং গ্রেড ১৭-২০ এর দুইজন কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।

**(ঝ)** ডিজিটাইজকৃত সেবা :

বর্ণিত সময়ে এ দপ্তরে একটি সেবা সহজীকরণ করা হয়েছে। সেবাটির নাম হচ্ছে : "সার্টিফিকেট প্রদত্ত চলচ্চিত্রের কোন পরিবর্তন সাধনের জন্য আবেদন ফরম অনলাইনকরণ"। ডিজিটাইজকৃত সেবাটি কর্মক্ষেত্রে বাস্তবায়িত হয়েছে।

**(ঞ) জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০২১ :**

বাংলাদেশ ফিল্ম সেন্সর বোর্ড জাতীয় চলচ্চিত্র পুরস্কর-২০২১ প্রদান উপলক্ষে গঠিত জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করেছে এবং ইতোমধ্যে ০৯ মার্চ ২০২৩ তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে জাতীয় চলচ্চিত্র পুরস্কার প্রাপ্ত শিল্পী, কলা-কুশলীদের পুরস্কার প্রদান করা হয়েছে। এছাড়া জাতীয় চলচ্চিত্র পুরস্কর-২০২২ প্রদান উপলক্ষে গঠিত জুরি বোর্ডকে সাচিবিক সহায়তা প্রদান করে যাচ্ছে।

**(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত**

১০.১ ২০২২-২৩ অর্থ-বছরের কার্যাবলির মাধ্যমে মন্ত্রণালয়ের উদ্দেশ্যাবলি সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?

সেন্সর সংক্রান্ত আইন, বিধি ও নীতি সঠিকভাবে প্রতিপালনের মাধ্যমে চলচ্চিত্রের সেন্সর কার্যক্রম পরিচালনা, পরিদর্শন কার্যক্রম জোরদার ও টাস্কফোর্স গঠন করার মাধ্যমে চলচ্চিত্র শিল্পকে অপসংস্কৃতি, অশ্লীলতা ও মূল্যবোধের অবক্ষয় থেকে রক্ষা করার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এর ফলে সারাদেশের অধিকাংশ সিনেমা হলে অশালীন ও সেন্সরবিহীন দৃশ্যসহ চলচ্চিত্র প্রদর্শন বন্ধ এবং সুস্থ ও রুচিশীল চলচ্চিত্রের আইনানুগ প্রদর্শন নিশ্চিত করা সম্ভব হয়েছে।

## ❖ বাংলাদেশ ফিল্ম আর্কাইভ:

প্রতিবেদনাধীন বছরে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ নিম্নবর্ণিত কার্যক্রম সম্পাদন করেছে :

১) ১০টি গবেষণা কর্ম সম্পাদন করা হয়েছে;
২) ০১টি জার্নাল ও ০৫টি বই প্রকাশ করা হয়েছে;
৩) ১১টি সেমিনার অনুষ্ঠিত হয়েছে;
৪) ৬৪২টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, ১১০টি ডিজিটাল ফরমেটের চলচ্চিত্র, ১৬৩৪টি তথ্যচিত্র/সংবাদচিত্র/প্রামাণ্যচিত্র, ৫১টি বই, ৪৬টি পোস্টার, ২০টি চিত্রনাট্য, ১৮টি ফটোসেট, ১২০৭টি পেপার কাটিং এবং ১৫ টি অনান্য সামগ্রী সংগ্রহ করা হয়েছে;

৫) ১১০টি সংরক্ষিত চলচ্চিত্র/তথ্যচিত্র/সংবাদচিত্র/প্রামাণ্যচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করা হয়েছে;
৬) সাপ্তাহিক এবং বিভিন্ন দিবস ও উৎসবে চলচ্চিত্র প্রদর্শনীর অংশ হিসেবে মোট ৯৬টি চলচ্চিত্র প্রদর্শিত হয়েছে;
৭) ৯৮৮টি চলচ্চিত্র /তথ্যচিত্র/সংবাদচিত্র/প্রামাণ্যচিত্র চেকিং ও ক্লিনিং করা হয়েছে।

## ❖ প্রেস ইনস্টিটিউট বাংলাদেশ (পিআইবি):

### ❖ অধ্যয়ন ও প্রশিক্ষণ বিভাগ কর্তৃক সম্পাদিত কাজের বিবরণ :

| প্রশিক্ষণ কোর্স/সংলাপ | মোট অংশগ্রহণকারীর সংখ্যা | পুরুষ | নারী |
|---|---|---|---|
| ৫৮ টি | ১৮৪২ জন | ১৬৪০ জন | ২০২ জন |

### ❖ গবেষণা ও তথ্য সংরক্ষণ বিভাগ :

| ক্রম | কাজের নাম | | বাস্তবায়ন বিবরণ |
|---|---|---|---|
| ১. | গবেষণাকর্ম | | |
| ক. | | সংবাদপত্রে নব্বইয়ের গণঅভ্যুত্থান | প্রকাশিত |
| খ. | | দৈনিক ইত্তেফাক ও সমকালীন রাজনীতি : সত্তরের নির্বাচন | চলমান |

| | | | |
|---|---|---|---|
| তথ্য সংরক্ষণ কর্ম | | | |
| | ক. | সংবাদপত্রে বঙ্গবন্ধু : সপ্তম খন্ড : সত্তরের দশক : প্রথম খন্ড: ১৯৭০ | প্রকাশিত |
| | খ. | পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি : সংবাদপত্রে প্রতিফলন (প্রথম পর্ব) | প্রকাশিত |
| | গ. | পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি : সংবাদপত্রে প্রতিফলন (দ্বিতীয় খন্ড) | প্রকাশিত |
| | ঘ. | ঘটনাপঞ্জি ২০২২ : সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ | প্রকাশিত |
| | ঙ. | ঘটনাপঞ্জি ২০২৩ : সংবাদপত্রে প্রকাশিত জনগুরুত্বপূর্ণ সংবাদ | চলমান |
| ২. নিউজ ক্লিপিং | | ১৬৩টি বিষয়ের ক্লিপিং | ১৪২৯০ টি |
| | | | |
| ৩. গ্রন্থাগার কার্যক্রম | | | |
| | ক. | পাঠক সেবা | ১,৭৯১ জন |
| | খ. | বই কেনা | ১৪২ টি |
| | গ. | সৌজন্য কপি হিসেবে বই প্রাপ্তি | ৩০ টি |
| | ঘ. | দৈনিক সংবাদপত্র কিনে সংরক্ষণ (প্রতি মাসে) | ২৪ টি |
| | ঙ. | দেশি-বিদেশি ম্যাগাজিন কিনে সংরক্ষণ (প্রতি মাসে) | ১০ টি |
| | চ. | সাইবার সেবা | ১৪১ জন |
| | ছ. | ফটোকপি সেবা | ১২০ জন |

### ❖ প্রকাশনা ও ফিচার বিভাগ

### ❖ ফিচার



৪৪

১. এসডিজি ও উন্নয়নমূলক ফিচার ৪০টি।

গণমাধ্যম সাময়িকী নিরীক্ষা

১. নিরীক্ষা: ২৪১, ২৪২, ২৪৩, ২৪৪ ও ২৪৫ সংখ্যা প্রকাশিত।

- **গ্রন্থ প্রকাশ**

১. 'সংস্কৃতি সাংবাদিকতার স্বরূপ (পুনর্মুদ্রণ)
২. সাংবাদিকের স্মৃতিভাষ্যে বঙ্গবন্ধু
৩. সংবাদপত্রের বিজ্ঞাপনে বঙ্গবন্ধু
৪. পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি: সংবাদপত্রে প্রতিফলন (প্রথম খন্ড)
৫. পার্বত্য চট্টগ্রাম শান্তিচুক্তি: সংবাদপত্রে প্রতিফলন (দ্বিতীয় খন্ড)
৬. দৈনিক ইত্তেফাক ও সমকালীন রাজনীতি: ছয়দফা আন্দোলন
৭. ঘটনাপঞ্জি- ২০২২
৮. সংবাদপত্রে নব্বইয়ের গণঅভ্যুত্থান
৯. সংবাদপত্রে বঙ্গবন্ধু: জুলিও কুরি এবং এশীয় শান্তি সম্মেলন
১০. সংবাদপত্রে বঙ্গবন্ধু: ৭ম খন্ড

- **বার্ষিক প্রতিবেদন**

১. বার্ষিক প্রতিবেদন ২০২১-২০২২ প্রকাশিত।

- **বুকলেট**

১. পিআইবি'র প্রকাশনা বিষয়ক বুকলেট প্রকাশ।

- পুরস্কার

১. পিআইবি-ইএলজি মিডিয়া ফেলোশিপের সনদ বিতরণ সম্পন্ন।

- **গ্রন্থমেলা**

১. বাংলা একাডেমি অমর একুশে গ্রন্থমেলা ২০২৩-এ অংশগ্রহণ করা হয়েছে।
২. জাতীয় গ্রন্থকেন্দ্রের উদ্যোগে বিভাগীয়/জেলা পর্যায়ে আয়োজিত বই মেলায়-
(ক) ১৮-২৫ নভেম্বর ২০২২ কুমিল্লায় অংশগ্রহণ
(খ) ১১-১৭ ডিসেম্বর ২০২২ নারায়ণগঞ্জে অংশগ্রহণ
(গ) ১৭-২৪ ডিসেম্বর ২০২২ ময়মনসিংহে অংশগ্রহণ করা হয়েছে।

- **অনুষ্ঠান**

১. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সভাকক্ষে ৩০ মার্চ ২০২৩ তারিখে 'সংবাদপত্রে বিজ্ঞাপনে বঙ্গবন্ধু' বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠান সম্পন্ন হয়।

২. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সভাকক্ষে ১১ জুন ২০২৩ তারিখে 'সংবাদপত্রে বঙ্গবন্ধু: জুলিও কুরি এবং এশীয় শান্তি সম্মেলন' বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠান সম্পন্ন হয়।

❖ **প্রশাসন বিভাগ:**

১. ই-নথি কার্যক্রম চলমান রয়েছে।
২. ই-জিপি কার্যক্রম চলমান রয়েছে।
৩. ওয়েবসাইট নিয়মিতভাবে হালনাগাদ করে সকল তথ্যাদি আপলোড করা হয়।
৪. সিটিজেনস্ চার্টার হালনাগাদ করা হয়েছে।
৫. পিআইবির দুটি ভবনে Wi-fi এবং ল্যান্ড লাইন স্থাপন করা হয়েছে।
৬. গ্রেড- ০২ থেকে গ্রেড -০৯ এর মধ্যে ০১ জন, গ্রেড -১০ থেকে ১৬ এর মধ্যে ০১ জন এবং গ্রেড -১৭ থেকে গ্রেড ২০ এর মধ্যে ০১ জনকে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়েছে।
৭. কঠোর, শ্রমসাধ্য ও কৃতিত্বপূর্ণ কাজের জন্য পিআইবি'র ২৬ জন কর্মকর্তা/ কর্মচারীকে সম্মানী প্রদানের জন্য মনোণীত করা হয়েছে।

৮. সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বিষয়ে অংশীজনদেরসাথে ০১ টি মতবিনিময় কর্মশালা সম্পন্ন করা হয়েছে।
৯. শুদ্ধাচার বিষয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদেরসাথে ০৩ টি মতবিনিময় কর্মশালা করা হয়েছে।
১০. অভিযোগ প্রতিকার(জিআরএস) বিষয়ে অংশীজনদেরসাথে ০১ টি মতবিনিময় কর্মশালা করা হয়েছে।
১১. পিআইবির ২টি ভবনে ভবন নির্দেশিকা স্থাপন করা হয়েছে।
১২. অগ্নি নির্বাপক যন্ত্র নিয়মিতভাবে সার্ভিসিং/রিফিলিং করা হচ্ছে।
১৩. লাইব্রেরীতে আগত পাঠকদের জন্য ১টি বিশুদ্ধ পানির ফিল্টার স্থাপন করা হয়েছে।
১৪. গণমাধ্যম ও সাংবাদিকতায় মাস্টার্স ও সাংবাদিকতায় ডিপ্লোমা শিক্ষার্থীদের জন্য ০১টি বিশুদ্ধ পানির ফিল্টার স্থাপন করা হয়েছে।

❖ বাংলাদেশ সংবাদ সংস্থা:

- **সংবাদ পরিবেশন:** বাসস কর্তৃক মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীসহ সরকারের বিভিন্ন মন্ত্রণালয়ের গুরুত্বপূর্ণ কার্যাবলী এবং উন্নয়ন কর্মকান্ডের সংবাদসহ সকল ধরণের সংবাদ তাৎক্ষণিকভাবে গণমাধ্যমের নিকট পৌঁছে দিতে সক্ষম হয়েছে। প্রতিবেদনাধীন বছরে বাসস থেকে মোট ১,১২,২১৯ (এক লক্ষ বার হাজার দুইশত উনিশ) টি সংবাদ সংগ্রহ ও পরিবেশন করা হয়েছে, যা দেশের প্রধান জাতীয় দৈনিক এবং ইলেক্ট্রনিক মিডিয়ার মাধ্যমে প্রকাশ/প্রচারের জন্য গ্রাহক/গণমাধ্যমের নিকট সরবরাহ করা হয়েছে।

- **মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ১০টি বিশেষ উদ্যোগ ব্রান্ডিং বাস্তবায়নঃ** মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগের ওপর বাসস থেকে বিভিন্ন সংবাদপত্রে মোট ২০০টি বিশেষ ফিচার/প্রতিবেদন প্রকাশ করা হয়েছে এবং এসব প্রতিবেদন নিয়ে ২টি বই প্রকাশ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর ১০টি বিশেষ উদ্যোগ সম্পর্কে সাংবাদিক, অংশীজন এবং সুবিধাভোগীদের সমন্বয়ে ঢাকয় ১টি মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে।

- ১৫ আগস্ট, ২০২২ তারিখ 'জাতীয় শোক দিবসে সকালে ধানমন্ডির ৩২নং সড়কের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে সংস্থার সাংবাদিক, কর্মকর্তাগণ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে বিনম্র শ্রদ্ধা জ্ঞাপন করেন। জাতির পিতা বঙ্গবন্ধু

শেখ মুজিবুর রহমান-এর ৪৭তম শাহাদত বার্ষিকী উপলক্ষ্যে বাসস'র প্রধান কার্যালয়ে আলোচনা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে।

- ১৬ ডিসেম্বর, ২০২২ তারিখ 'মহান বিজয় দিবস' উপলক্ষ্যে বাসসের প্রধান কার্যালয়ে আলোকসজ্জা প্রদর্শন করা হয়েছে।
- 'ঐতিহাহিক ৭ই মার্চ ২০২৩ জাতীয় দিবস উপলক্ষ্যে প্রভাতে ধানমন্ডির ৩২নং সড়কে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে সংস্থার সাংবাদিক, কর্মকর্তাগণ জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করেন।
- আন্তর্জাতিক 'নারী দিবস' উপলক্ষ্যে ১৩ মার্চ, ২০২৩ তারিখে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের উপস্থিতিতে বাসসের প্রধান কার্যালয়ে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়েছে।
- ১৭ মার্চ, ২০২৩ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মদিন এবং জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বাসসের প্রধান কার্যালয়ে আলোকসজ্জা প্রদর্শন করা হয়েছে।

## ❖ তথ্য কমিশন:

- জনগণের তথ্য অধিকার নিশ্চিত করতে সারা দেশে ৪২,৬৩০ (বিয়াল্লিশ হাজার ছয়শত ত্রিশ) জন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকতার তালিকা করে তথ্য কমিশনের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে এবং নতুন নিয়োগ প্রাপ্তি সাপেক্ষে নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।
- ২০২২ সালে ৫,০০২ (জেলা পর্যায়ে ৫৩৩ জন, উপজেলা পর্যায়ে ৪,০৩৭ জন এবং মন্ত্রণালয়/ অধিদপ্তর/ সংস্থার ৪৩২ জন) জন কর্মকর্তাকে তথ্য অধিকার আইন, ২০০৯ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০২২ সালে ১১ টি জেলা এবং ৭০ টি উপজেলায় তথ্য অধিকার আইন বিষয়ক জনঅবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়েছে।
- ২০২২ সালে সমগ্র দেশে তথ্য অধিকার আইনে বিভিন্ন কর্তৃপক্ষের নিকট দাখিলকৃত আবেদনের সংখ্যা ১৮,৩৭৭ টি যার মধ্যে ১৭,৭৭৭ টি আবেদনের চাহিত তথ্য আবেদনকারীকে সরবরাহ করা হয়েছে।
- ২০২২ সালে তথ্য কমিশনে মোট ৭৯১টি অভিযোগ দায়ের করা হয়েছে। যার মধ্যে ৩৬০টি অভিযোগ (মোট অভিযোগের ৪৫.৫১%) ভার্চুয়াল শুনানীর মাধ্যমে নিষ্পত্তি করা হয়।
- ২০২২ সালে ০৬টি অভিযোগে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী শাস্তি দেয়া হয়েছে।
- জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে ১৭ মার্চ এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী উপলক্ষে ১৫ আগস্ট ২০২২ তারিখে তথ্য কমিশনে আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়েছে। বঙ্গবন্ধুকে নিয়ে কনটেন্ট প্রস্তুত করে তথ্য কমিশনের ডিজিটাল এডভারটাইজিং বোর্ডে প্রচার করা হয়েছে। বঙ্গবন্ধুকে নিয়ে একটি পৃথক কনটেন্ট প্রস্তুত করে তথ্য কমিশনের স্ক্রলে প্রচার করা হয়েছে।
- মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে ২৬ মার্চ ২০২২ তারিখে তথ্য কমিশনে আলোচনা সভার আয়োজন এবং স্বাধীনতা দিবসের কনটেন্ট তথ্য কমিশনের স্ক্রল ও ডিজিটাল ডিসপ্লের মাধ্যমে প্রচার করা হয়েছে।

- তথ্য কমিশন বাংলাদেশ ভাড়াকৃত অফিস (প্রত্নতত্ব ভবনের একটি ফ্লোর) হতে গত নভেম্বর ২০২২ মাসে তথ্য কমিশনের নিজস্ব ১৩ তলা ভবন এফ-১৭/ডি, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগরে স্থানান্তর করা হয়।

- ইন্টারন্যাশনাল কনফারেন্স অব ইনফরমেশন কমিশনারস এর ৯ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী এক্সিকিউটিভ কমিটিতে বাংলাদেশ সদস্য নির্বাচিত হয়েছে। বাংলাদেশের প্রধান তথ্য কমিশনার ডক্টর আবদুল মালেক ১৯ হতে ২১ জুন ২০২৩ তারিখে ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় অনুষ্ঠিত ১৪ তম (ICIC) সম্মেলনে বাংলাদেশের প্রতিনিধিত্ব করেন।

- প্রতিবছরের ন্যায় ২০২২ সালের ২৮ সেপ্টেম্বর রাজধানী ঢাকাসহ সারাদেশে বিভিন্ন কর্মসূচির মাধ্যমে 'আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২' উদ্‌যাপন করা হয়েছে। দিবসটি উদ্‌যাপনে ০৯টি জাতীয় দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ করা হয় এবং ১৩ টি জাতীয় দৈনিক পত্রিকায় ডিসপ্লে বিজ্ঞাপন প্রকাশ করা হয়। ইউনিয়ন ডিজিটাল সেন্টারসহ ৪৬,০০০ টির অধিক ওয়েবসাইটে আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস ২০২২ উদ্‌যাপনে ফেস্টুন প্রচার করা হয়েছে।

## ❖ বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন:

(ক) "মহুয়া মঙ্গল" ছবির বকেয়া আদায়ের মামলায় বিজ্ঞ আদালত আসামীকে ৩(তিন) মাসের বিনাশ্রম কারাদন্ড ও বিএফডিসির পাওনা ২,৫৪,০০০/- (দুই লক্ষ চুয়ান্ন হাজার) টাকা পরিশোধের আদেশ প্রদান করেন।

(খ) মহামান্য সুপ্রীম কোর্টে এবং জেলা ও দায়রা জজ আদালতে অত্র কর্পোরেশনের বিচারাধীন ৩৭টি মামলায় নিয়মিত পদক্ষেপ গ্রহণ করা হয়।

(গ) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনী নিয়ে "মুজিব: একটি জাতির রূপকার" শীর্ষক বায়োপিক চলচ্চিত্রের শুটিং ও প্রোস্ট-প্রোডাকশন কাজ শেষে ১৭ই মার্চ ২০২২-এ চলচ্চিত্রটির প্রথম পোস্টার, ৩রা মে ২০২২ এ ২য় পোস্টার এবং ১৯ মে ২০২২ এ ফ্রান্সের কান ফিল্ম ফেস্টিভ্যালে সিনেমার ট্রেইলার রিলিজ করা হয়। বর্তমানে চলচ্চিত্রটি মুক্তি দেয়ার প্রস্তুতি চলছে।

(ঘ) ০৮ আগস্ট ২০২২ বঙ্গমাতা বেগম ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯২তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় পালন। মহান বিজয় দিবস-২০২২ উপলক্ষ্যে বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন কর্তৃক বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলো-জাতীয় পতাকা উত্তোলন, কর্পোরেশনের অভ্যন্তরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ, কর্পোরেশনে আলোক সজ্জাকরণ, এলইডি মনিটর স্থাপন এবং প্রধান ফটকে তোরণ নির্মাণ ও ব্যানার প্রদর্শন, এবং জাতির শান্তি, সমৃদ্ধি, অগ্রগতি কামনা করে কর্পোরেশনের মসজিদে মিলাদ মাহফিল ও বিশেষ মোনাজাত এর আয়োজন।

(ঙ) 'ঐতিহাসিক ৭ই মার্চ' জাতীয় দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন, ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে-এফডিসিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ, কর্পোরেশনে আলোক সজ্জাকরণ, ভিআইপি প্রজেকশন হলে শিশুতোষ চলচ্চিত্র প্রদর্শন এবং এফডিসির মসজিদে কোরআন তেলাওয়াত, দোয়া-মিলাদ মাহফিল ও তাবারক বিতরণ করা হয়। এছাড়া ২৬ মার্চ ২০২৩



৯৪

তারিখে স্বাধীনতা দিবস, ৩রা এপ্রিল ২০২৩ তারিখ জাতীয় চলচ্চিত্র দিবস যথাযোগ্য মর্যাদায় পালন করা হয়েছে।

## ❖ বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই):

**২০২২-২৩ অর্থবছরের কার্যক্রম:**

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ে ডিগ্রি ও কারিগরি প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ নির্মাতা ও কলাকুশলী সৃষ্টি করা। এ লক্ষ্যে এ ইনস্টিটিউট প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে জনসেবা প্রদান করছে। এক্ষেত্রে, দেশে প্রশিক্ষিত জনবলের সংকট রয়েছে বিধায়, মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ তরুণ চলচ্চিত্র কর্মী ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাতা গড়ে তোলা এ প্রতিষ্ঠানের অন্যতম লক্ষ্য।

**(ক)** চলচ্চিত্র ও টেলিভিশন বিষয়ে আয়োজিত কোর্স

| ক্রম | প্রশিক্ষণ কোর্স | মেয়াদ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | ৬ষ্ঠ চলচ্চিত্র ও টেলিভিশন অভিনয় প্রশিক্ষণ কোর্স। | ১৫ নভেম্বর ২০২২- ২৮ ফেব্রুয়ারি ২০২৩ | ২২ জন |
| ০২. | ২য় বেসিক সিনেমা ক্যামেরা অপারেশন এন্ড লাইটিং টেকনিকস কোর্স | ২৩ জানুয়ারি ২০২৩ - ০৭ এপ্রিল ২০২৩ | ১৩ জন |
| ০৩. | ৫ম চিত্রনাট্য লিখন প্রশিক্ষণ **কোর্স** | ০৫ মার্চ ২০২৩ - ২০ জুন ২০২৩ | ০৯ জন |
| ০৪. | চলচ্চিত্র নির্মাণ বিষয়ক বিশেষায়িত ডিপ্লোমা কোর্স | জুলাই ২০২২ - জুন ২০২৩ | ২৭ জন |
| | | মোট = | ৭১ জন |

(খ) ডিপ্লোমা প্রোডাকশন নির্মাণ:

বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট ২০২২-২৩ অর্থবছরে মোট ৫ টি ডিপ্লোমা প্রোডাকশন নির্মাণ করেছে।

| ক্রম | প্রোডাকশনের নাম | ব্যাপ্তি |
|---|---|---|
| ০১. | পদ্মা পাড়ের জীবন | ৮মি.৩১ সে. |
| ০২. | মিউজিক ভিডিও: সোনার ময়না পাখি | ৪ মি. ৫৫ সে. |
| ০৩. | এখনো দুই | ৬মি. ৩১ সে. |
| ০৪. | আগুনের গ্রহণ | ১১ মি. |
| ০৫. | বন্দক | ৮ মি. ৫৩ সে. |

**(গ) এপিএ কার্যক্রম:**

২০২২-২৩ অর্থবছরের এপিএ কার্যক্রমের লক্ষ্যমাত্রা অনুযায়ী, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউ কোর্সসমূহে মোট ৭১ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেন। এছাড়া, বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের বিভিন্ন মেয়াদি প্রশিক্ষণ কোর্স থেকে ২০২২-২৩ অর্থবছরে মোট ৫টি ডিপ্লোমা চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মিত হয়েছে। ২০২২-২৩ অর্থবছরে ৮ টি সেমিনার/ওয়ার্কশপ অনুষ্ঠিত করেছে।

(ঘ) পুস্তক/জার্নাল প্রকাশ

২০২২-২৩ অর্থবছরে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট জার্নাল ১২ তম সংখ্যা ৩০ জুন ২০২৩ তারিখে প্রকাশিত হয়েছে।

(ঙ) সেমিনার/ওয়ার্কশপ:

বিসিটিআই ২০২২-২৩ অর্থবছরে চলচ্চিত্র ও টেলিভিশন অনুষ্ঠান নির্মাণ বিষয়ক মোট ০৮ টি ওয়ার্কশপ/সেমিনার আয়োজন করেছে:

| ক্রম | বিষয়বস্তুর বর্ণনা | তারিখ | অংশগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|
| ০১. | গদারের চলচ্চিত্র: দ্বন্দ্বমুখর মানব-অস্তিত্ব শীর্ষক সেমিনার | ২৬ অক্টোবর ২০২২ | ৪০ জন |
| ০২. | 'বিসিটিআই:আমাদের স্বপ্নযাত্রা' শীর্ষক সেমিনার | ০২ নভেম্বর ২০২২ | ৪৩ জন |
| ০৩. | বাংলাদেশের চলচ্চিত্র বিষয়ক গবেষণা ও পাঠ্যপুস্তক | ১৮ মে ২০২৩ | ৪৩ জন |
| ০৪. | ৪র্থ শিল্প বিপ্লবের সমকালে চলচ্চিত্র শিল্পের ভবিষ্যত/চ্যালেঞ্জ | ২৪ মে ২০২৩ | ৩৬ জন |
| ০৫. | বাংলাদেশের চলচ্চিত্র বিষয়ে প্রাতিষ্ঠানিক শিক্ষার সমস্যা ও সম্ভাবনা | ৩১ মে ২০২৩ | ৪৬ জন |
| ০৬. | সিনেমায় আপন ভাষার সন্ধানে | ০৭ জুন ২০২৩ | ৩৮ জন |
| ০৭. | জহির রায়হান-এর খোঁজ পাওয়া গেছে | ১৭ জুন ২০২৩ | ৪৮ জন |
| ০৮. | ঋত্বিক মানসে দেশভাগ:'কোমল গান্ধার' ও 'সুবর্ণরেখা' | ২১ জুন ২০২৩ | ২৯ জন |
| | | মোট = | ৩২৩ জন |

**(চ) স্থায়ী ক্যাম্পাস:**

- মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি ও নির্দেশনা অনুযায়ী, ''বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের নিজস্ব ক্যাম্পাস, সুবিধাদি সৃজন এবং মানব সম্পদ উন্নয়ন" শীর্ষক প্রকল্পের জন্য কল্যাণপুরস্থ বাংলাদেশ বেতারের জমি হতে উত্তরে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউটের জন্য ৭.১২ একর জমি বরাদ্দ প্রদান করা হয়েছে।
- "মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই) এর আধুনিক অবকাঠামো ও সুবিধা সম্বলিত ক্যাম্পাস নির্মাণ" শীর্ষক প্রকল্পটি সবুজ পাতায় ও ২০২৩-২৪ অর্থবছরের ADP বাজেটে অন্তর্ভূক্তকরণের লক্ষ্যে AMS সফটওয়্যারে এন্ট্রি দেয়া হয়েছে।
- ডিপিপিতে অন্তর্ভুক্তির নিমিত্ত প্রয়োজনীয় ইকুইপমেন্ট এবং এর প্রাক্কলিত মূল্য নির্ধারণে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক গঠিত 'টেকনিক্যাল কমিটি'-র সভা ১০ নভেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় গণপূর্ত বিভাগ কর্তৃক চূড়ান্তকৃত ডিপিপি'র ভৌত অবকাঠামো এবং যন্ত্রপাতি ও সরঞ্জাম স্থাপন দুই ফেজে বাস্তবায়ন, যন্ত্রপাতি এবং এর প্রাক্কলন ব্যয় নির্ধারণ, এবং স্থাপত্য অধিদপ্তর নকশায় Huge back Server ও Control Server এর নকশা যুক্তকরণ বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।
- "মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই) এর আধুনিক অবকাঠামো ও সুবিধা সম্বলিত ক্যাম্পাস নির্মাণ" শীর্ষক প্রকল্পটির স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত পুনঃসংশোধিত ১১৫ পৃষ্ঠার স্থাপত্য নকশা তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় কর্তৃক অনুমোদন ও প্রতিস্বাক্ষরিত হয়েছে। ডিপিপি প্রণয়নের কাজ চূড়ান্তপর্যায়ে প্রক্রিয়াধীন রয়েছে।

## ❖ বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট:

- ২০২২-২০২৩ অর্থ বছরে বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট হতে প্রদত্ত কল্যান অনুদান হিসেবে ১০৫১ জন সাংবাদিককে সর্বমোট ১২ কোটি ৩০ লক্ষ টাকা অনুদান প্রদান করা হয়েছে।
- বাংলাদেশ সাংবাদিক কল্যাণ ট্রাস্ট কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২৩ অনুমোদন করা হয়েছে।
- দুস্থ, অসচ্ছল, দূর্ঘটনায় গুরুতর আহত ও মৃত সাংবাদিকদের মেধাবী সন্তানদের শিক্ষার জন্য মঞ্জুরি,বৃত্তি ও স্টাইপেন্ড প্রদান নির্দেশিকা ট্রাস্টি বোর্ড কর্তৃক অনুমোদন করা হয়েছে।

৯.২ ২০২২-২০২৩ অর্থ বছরে মন্ত্রণালয়ের কর্মকান্ড সম্পাদনে বড় রকমের কোনো সমস্যা/সংকটের আশঙ্কা করা হলে তার বিবরণ: প্রযোজ্য নয়।

(১০) মন্ত্রণালয়ের উদ্দেশ্য সাধন সংক্রান্ত :

১০.১ ২০২২-২০২৩ অর্থ বছরের কর্মকান্ডের মাধ্যমে মন্ত্রণালয়ের আরাধ্য উদ্দেশ্যাবলী সন্তোষজনকভাবে সাধিত হয়েছে কি?

হ্যাঁ। বাজেট বাস্তবায়ন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন, টেকসই, উন্নয়ন অভীষ্ট (SDG) লক্ষ্যমাত্রা ও সূচকসমূহ বাস্তবায়ন করা হচ্ছে। ইনোভেশন কার্যক্রম, জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা বাস্তবায়ন, অভিযোগ নিষ্পত্তি (GRS) বাস্তবায়ন করা হচ্ছে। প্রধান প্রধান প্রকল্পসমূহের বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। এর পাশাপাশি তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (ICT) ব্যবহারও ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে।

১০.২ উদ্দেশ্যাবলি সাধিত না হয়ে থাকলে তার কারণসমূহ: প্রযোজ্য নয়।

১০.৩ মন্ত্রণালয়ের আরাধ্য উদ্দেশ্যাবলী আরো দক্ষতা ও সফলতার সাথে সাধন করার লক্ষ্যে যে সব ব্যবস্থা/পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে, সে সম্পর্কে মন্ত্রণালয়ের সুপারিশ:

১. বাজেট বরাদ্দ বৃদ্ধি;

২. বাজেট ব্যবহারের ক্ষেত্রে মন্ত্রণালয়কে আরও স্বাধীনতা প্রদান;

৩. কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ গ্রহণ। বিশেষত ব্যবস্থাপনা পলিসি প্রণয়ন ও বাস্তবায়ন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (ICT) ব্যবহারের ক্ষেত্রে কর্মকর্তা/কর্মচারীগণের সক্ষমতা বৃদ্ধি;

৪. মন্ত্রণালয় এবং অধিদপ্তর/সংস্থার বিভিন্ন পর্যায়ে নতুন পদ সৃজন।

(১১) উৎপাদন বিষয়ক (সংশ্লিষ্ট মন্ত্রণালয় পূরণ করবে): প্রযোজ্য নয়।

(১২) আইন-শৃঙ্খলা বিষয়ক (স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(১৩) ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্য (আইন ও বিচার বিভাগের জন্য): প্রযোজ্য নয়

(১৪) অর্থনৈতিক (অর্থ বিভাগের জন্য): প্রযোজ্য নয়

(১৫) উন্নয়ন প্রকল্প সংক্রান্ত:

১৫.১ উন্নয়ন প্রকল্পের অর্থ বরাদ্দ ও ব্যয় সংক্রান্ত তথ্য (১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত):

| প্রতিবেদনাধীন বছরের মোট প্রকল্পের সংখ্যা ও নতুন প্রকল্পের সংখ্যা | প্রতিবেদনাধীন বছরে সংশোধিত এডিপিতে মোট বরাদ্দ (কোটি টাকায়) | প্রতিবেদনাধীন বছরে বরাদ্দের বিপরীতে ব্যয়ের পরিমাণ ও বরাদ্দের বিপরীতে ব্যয়ের শতকরা হার | প্রতিবেদনাধীন বছরে মন্ত্রণালয়ে এডিপি রিভিউ সভার সংখ্যা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১৩ টি (তেরো) টি | ৫২১.৩২<br>(পাঁচশত একুশ কোটি বত্রিশ লক্ষ) | ৩৯৯.১৮২৩<br>(তিনশত নিরানব্বই কোটি আঠারো লক্ষ তেইশ হাজার)<br>৭৬.৫৭% | ১২ (বারো)টি |

১৫.২ <u>প্রকল্পের অবস্থা (০১ জুলাই ২০২১ থেকে ৩০ জুন ২০২২ পর্যন্ত):</u>

| মন্ত্রণালয়/ বিভাগ | প্রতিবেদনাধীন অর্থ বছরে মন্ত্রণালয়/ বিভাগের এডিপি রিভিউ সভার সংখ্যা | প্রতিবেদনাধীন অর্থবছরে শুরু করা নতুন প্রকল্পের সংখ্যা ও তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে সমাপ্ত প্রকল্পের সংখ্যা ও তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে আনুষ্ঠানিকভাবে উদ্বোধনকৃত সমাপ্ত প্রকল্পের সংখ্যা ও তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে সমাপ্ত/ চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে আনুষ্ঠানিকভাবে উদ্বোধনকৃত গুরুত্বপূর্ণ অবকাঠামো তালিকা | প্রতিবেদনাধীন অর্থবছরে চলমান প্রকল্পের কম্পোনেন্ট হিসেবে সমাপ্ত গুরুত্বপূর্ণ অবকাঠামো |
|---|---|---|---|---|---|---|
| তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় | | ০১টি<br>গণমাধ্যমের সাথে সমন্বয় ও উন্নত সেবা প্রদান | ০১টি<br>জাতীয় বেতার ভবনে আধুনিক ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন | - | - | - |

১৫.৩ জিডিপি প্রবৃদ্ধির হার (২০২২-২৩) (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়

১৫.৪ মাথাপিছু আয় (মার্কিন ডলারে) (২০২২-২৩) (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়

১৫.৫ দরিদ্র জনগোষ্ঠী সংক্রান্ত তথ্য (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়

১৫.৬ কর্মসংস্থান সংক্রান্ত তথ্য (পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের জন্য): প্রযোজ্য নয়।

(১৬) ঋণ ও অনুদান সংক্রান্ত তথ্য (অর্থনৈতিক সম্পর্ক বিভাগের জন্য) : প্রযোজ্য নয়।

(১৭) অবকাঠামো উন্নয়ন (অবকাঠামো উন্নয়ন কর্মসূচি ও বাস্তবায়ন অগ্রগতির বিবরণ, সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০২২-২৩) বরাদ্দকৃত অর্থ, ব্যয়িত অর্থ, সংশ্লিষ্ট অর্থ-বছরে (২০২২-২৩) লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতি): প্রযোজ্য নয়।

(১৮) পররাষ্ট্র মন্ত্রণালয় সংশ্লিষ্ট তথ্য: প্রযোজ্য নয়।

(১৯) শিক্ষা সংক্রান্ত তথ্য: প্রযোজ্য নয়।

(২০) স্বাস্থ্য সংক্রান্ত তথ্য (স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(২১) জনশক্তি রপ্তানি সংক্রান্ত (প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের জন্য) : প্রযোজ্য নয়।

(২২) হজ্জ সংক্রান্ত (ধর্ম মন্ত্রণালয়ের জন্য): প্রযোজ্য নয়।

(২৩) সামাজিক নিরাপত্তা কর্মসূচি (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ পূরণ করবে) : প্রযোজ্য নয়।

(২৪) প্রধান প্রধান সেক্টর কর্পোরেশনসমূহের লাভ/লোকসান: প্রযোজ্য নয়।

১০/০৭/২০২৩

মোঃ হুমায়ুন কবীর খোন্দকার
সচিব